

অভিভাবকের অধিকার

মেরিল্যান্ড প্রথাগত সুবক্ষা নোটিশ

বাচ্চা ও শিশুদের জন্য প্রারম্ভিক হস্তক্ষেপ

প্রি-স্কুল বিশেষ শিক্ষা

এবং

বিশেষ শিক্ষা



সংশোধিত জুলাই 2017



মেরিল্যান্ড স্টেট ডিপার্টমেন্ট অফ এডুকেশন
বিশেষ শিক্ষা/প্রারম্ভিক হস্তক্ষেপ পরিষেবা বিভাগ

অভিভাবকের অধিকার
মেরিল্যান্ড প্রথাগত সুবক্ষা নোটিস
বাচ্চা ও শিশু, প্রিস্কুল, বিশেষ শিক্ষা
জুলাই 2017

© 2013 Maryland State Department of Education

এই প্রকাশনাটি মেরিল্যান্ড স্টেট ডিপার্টমেন্ট অফ এডুকেশন (MSDE), বিশেষ শিক্ষা/প্রারম্ভিক হস্তক্ষেপ পরিষেবা বিভাগ দ্বারা ইউ.এস ডিপার্টমেন্ট অফ এডুকেশন, আইডিইএ পার্ট সি গ্রান্ট #H181A120124, আইডিইএ পার্ট বি #H027A012035A গ্রান্ট, কপিরাইট 2013, মেরিল্যান্ড স্টেট ডিপার্টমেন্ট অফ এডুকেশন (MSDE) এর অর্থানুকূলে উন্নীত ও প্রস্তুত হয়েছে। পাঠকদের এই নথিটির প্রতিলিপি ও আদান-প্রদান করার অনুমোদনের পাশাপাশি উত্সাহিত করা হয়, কিন্তু অবশ্যই MSDE, বিশেষ শিক্ষা/প্রারম্ভিক হস্তক্ষেপ পরিষেবা বিভাগকে স্বীকৃতি দিতে হবে। অন্যান্য সমস্ত অধিকার সংরক্ষিত। মেরিল্যান্ড স্টেট ডিপার্টমেন্ট অফ এডুকেশন কর্মসংস্থানকে প্রভাবিত করার মতো বিষয়ে বা কর্মসূচীতে প্রবেশাধিকার প্রদানের ক্ষেত্রে জাতি, বর্ণ, লিঙ্গ, বয়স, জাতীয়তা, ধর্ম, অক্ষমতা, বা যৌন প্রবণতার ভিত্তিতে বৈষম্য করে না। বিভাগীয় নীতি সম্পর্কিত জিজ্ঞাসাবাদের জন্য, অনুগ্রহ করে যোগাযোগ করুন, ইকুইটি অ্যাসুরেন্স অ্যান্ড কমপ্লায়েন্স শাখা, ডেপুটি স্টেট সুপারিনটেনডেন্ট ফর অ্যাডমিনিস্ট্রেশন, মেরিল্যান্ড স্টেট ডিপার্টমেন্ট অফ এডুকেশন, 200 ওয়েস্ট বাল্টিমোর স্ট্রিট, ৬ষ্ঠ তল, বাল্টিমোর, এমডি 21201-2595, 410-767-0433, ফ্যাক্স 410-767-0431, www.MarylandPublicSchools.org. আমেরিকানস্ উইথ ডিজএবিলিটিজ আইন (ADA) অনুসারে, এই নথিটি অনুরোধের প্রেক্ষিতে বিকল্প বিন্যাসে পাওয়া যায়। মেরিল্যান্ড স্টেট ডিপার্টমেন্ট অফ এডুকেশন (MSDE), বিশেষ শিক্ষা/প্রারম্ভিক হস্তক্ষেপ পরিষেবা বিভাগের সাথে ফোন (410) 767-0242 বা ফ্যাক্স (410) 333-1571 এর মাধ্যমে যোগাযোগ করুন।

ক্যারেন বি. স্যালমন, Ph.D.

স্টেট সুপারিনটেনডেন্ট অফ স্কুলস

অ্যান্ড্রু আর. স্মারিক

সভাপতি,

স্টেট বোর্ড অফ এডুকেশন

ক্যারল এ. উইলিয়ামসন, Ed.D.

চিফ অ্যাকাডেমিক অফিসার

মার্সিলা ই. ফ্রান্সোয়েস্কি, M.S.

অ্যাসিস্টেন্ট স্টেট সুপারিনটেনডেন্ট

বিশেষ শিক্ষা/প্রারম্ভিক হস্তক্ষেপ পরিষেবা বিভাগ

ল্যারি হোগান

গভর্নর

মেরিল্যান্ড স্টেট ডিপার্টমেন্ট অফ এডুকেশন

বিশেষ শিক্ষা/প্রারম্ভিক হস্তক্ষেপ পরিষেবা বিভাগ

200 ওয়েস্ট বাল্টিমোর স্ট্রিট, 9ম তল,

বাল্টিমোর, মেরিল্যান্ড 21201

410-767-7770 (ফোন)

410-333-1571 (ফ্যাক্স)

<http://www.marylandpublicschools.org>

সংশোধিত জুলাই 2017_চূড়ান্ত

কার্যকর জুলাই 1, 2017

সূচীপত্র

প্রথাগত সুরক্ষা নোটিস	1
মাতৃভাষা	1
বৈদ্যুতিন মেল	2
পূর্ব লিখিত নোটিস	2
নোটিস:.....	2
লিখিত নোটিসের বিষয়বস্তু:.....	2
সম্মতি	3
পিতামাতার সম্মতি:.....	3
IFSP এর মাধ্যমে পরিষেবাগুলির জন্য পিতামাতার সম্মতি:.....	4
IFSP এর মাধ্যমে পরিষেবাগুলি অস্বীকার করার পিতামাতার অধিকার:.....	4
প্রাথমিক পর্যালোচনার জন্য পিতামাতার সম্মতি:.....	4
পরিষেবাগুলির জন্য পিতামাতার সম্মতি:.....	4
পরিষেবাগুলির জন্য পিতামাতার সম্মতি প্রত্যাহার:.....	5
কেবল IFSP সন্তানদের ক্ষেত্রে পুনর্মূল্যায়নের জন্য পিতামাতার সম্মতি:.....	5
কেবল IEP শিশু ও যুবাদের জন্য পুনর্মূল্যায়নের জন্য পিতামাতার সম্মতি:.....	5
পিতামাতার সম্মতি অর্জনে যথাযথ প্রচেষ্টা গ্রহণের সমর্থনে নথি:.....	6
অন্যান্য সম্মতি সংশ্লিষ্ট প্রয়োজনীয়তা:.....	6
সারোগেট পিতামাতা	7
সারোগেট পিতামাতার জন্য শর্ত:.....	7
রাজ্যের শিশুদের প্রাথমিক মূল্যায়নের বিশেষ বিধি:.....	7
স্বাধীন শিক্ষাগত মূল্যায়ন	7
সংজ্ঞা:.....	7
সরকারী সংস্থার শর্ত:.....	8
সরকারী খরচে মূল্যায়ণে কোনো পিতামাতার অধিকার:.....	8
পিতামাতার প্রচেষ্টায় মূল্যায়ন:.....	8
কোনো প্রশাসনিক আইনী বিচারক (ALJ) দ্বারা কোনো মূল্যায়ণের জন্য অনুরোধ:.....	8
তথ্যের গোপনীয়তা	9
সংজ্ঞা:.....	9
সুরক্ষা:.....	9
সম্মতি:.....	9
অধিকার প্রাপ্তি:.....	10
প্রাপ্তির রেকর্ড:.....	11
পিতামাতার অনুরোধে রেকর্ডে সংশোধন:.....	11
তথ্য নষ্ট করার পদ্ধতি:.....	13
সন্তানের অধিকারসমূহ:.....	13
শাস্তিদান সংশ্লিষ্ট তথ্য:.....	13
প্রতিবন্ধী শিশুদের শৃঙ্খলাপরায়ণতা	13
সংজ্ঞা:.....	13
বিদ্যালয় কর্মীদের কর্তৃত্ব:.....	14

ম্যানিফেস্টেশন নির্ণয়:	14
প্লেসমেন্ট পরিবর্তন:	15
অন্তর্বর্তী বিকল্প শিক্ষাগত বিন্যাস:	15
শাস্তিমূলক ব্যবস্থার জন্য আবেদন:	15
শিশুটি এখনও যোগ্য বিবেচিত হয়নি:	16
আইন প্রয়োগ এবং বিচার-বিভাগীয় কর্তৃপক্ষ দ্বারা নেওয়া পদক্ষেপ ও সুপারিশ:	17
অভিভাবকদের একতরফা সিদ্ধান্তে সরকারী ব্যয়ে বেসরকারী বিদ্যালয়ে শিশুদের প্লেসমেন্ট	17
ক্ষতিপূরণের সীমা:	17
প্রাপ্ত বয়সে পিতামাতার অধিকার হস্তান্তর	18
মতানৈক্যের নিষ্পত্তি	19
মধ্যস্থতা:	19
মধ্যস্থতায় উৎসাহ দিতে বৈঠক:	19
কোনো রাজ্য অভিযোগ এবং যথাযথ প্রক্রিয়ায় করা অভিযোগের মধ্যে পার্থক্য:	20
রাজ্য অভিযোগ:	20
রাজ্য অভিযোগের সমাধা:	20
কোনো রাজ্য অভিযোগের সমাধা যা যথাযথ প্রক্রিয়ায় করা শুনানির বিষয়:	20
যথাযথ প্রক্রিয়ায় করা অভিযোগ:	21
যথাযথ প্রক্রিয়ায় করা অভিযোগের বিষয়বস্তু:	22
যথাযথ প্রক্রিয়ায় করা অভিযোগের উত্তর:	22
নোটিসের পর্যাপ্ততা:	22
প্রক্রিয়া চলাকালীন শিশুর স্থিতি:	22
সমাধা প্রক্রিয়া:	23
30 দিনের সমাধা সময়সীমায় সমন্বয়সাধন:	25
সমাধা নিষ্পত্তি চুক্তি:	25
যথাযথ প্রক্রিয়ায় করা শুনানি:	26
প্রশাসনিক আইনী বিচারক (ALJ):	26
যথাযথ প্রক্রিয়ায় করা অভিযোগের বিষয়বস্তু:	26
শুনানির অধিকার:	26
অতিরিক্ত তথ্য প্রকাশ:	26
পিতামাতার অধিকার:	26
শুনানির সিদ্ধান্ত:	27
পৃথক যথাযথ প্রক্রিয়ায় করা অভিযোগ:	27
একটি শুনানির সময়সীমা এবং উপযোগীতা:	27
তরান্বিত সময়সীমা:	27
শুনানি সিদ্ধান্তের চূড়ান্তকরণ:	27
আবেদন:	28
উকিলের ফি	27
সংযোজনী: IDEA ডিসপুট রেজলিউশন প্রসেস কমপ্যারিশন চার্ট	30

প্রথাগত সুরক্ষা নোটিস

প্রথাগত সুরক্ষা নোটিসের মধ্যে অভিভাবকের অধিকারগুলির সহজ বোধগম্য রূপে পিতামাতার মাতৃভাষায় ব্যাখ্যা করা হয়েছে। এই প্রথাগত সুরক্ষা নোটিস একটি ইন্ডিভিজুয়ালাইজড ফ্যামিলি সার্ভিস প্ল্যান (IFSP) এর মাধ্যমে পরিষেবা প্রাপ্ত পরিবার ও শিশুদের তথা ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) এর মাধ্যমে পরিষেবা প্রাপ্ত প্রতিবন্ধী যুবক-যুবতীদের উপর প্রযোজ্য।

এই নথির মধ্যে অন্তর্ভুক্ত সুরক্ষাগুলি যুক্তরাষ্ট্রীয় ইন্ডিভিজুয়ালস উইথ ডিসএবিলিটিজ এডুকেশন অ্যাক্ট (IDEA), 20 U.S.C. §1400 ও তার নিম্নলিখিত তালিকা, এবং কোড অফ মেরিল্যান্ড রেগুলেশনস বা COMAR: COMAR 13A.05.01, COMAR 13A.08.03, এবং COMAR 13A.13.01

এর নিম্নলিখিত পরিচ্ছেদগুলি দ্বারা প্রতিষ্ঠিত। প্রতিটি সরকারি সংস্থা প্রথাগত সুরক্ষা প্রতিষ্ঠিত, রক্ষণাবেক্ষণ, এবং প্রয়োগ করবে যা IDEA এর প্রয়োজনীয়তাগুলি পূরণ করবে। একটি সরকারি সংস্থা হল সেই সংস্থা যে শিশুদের IFSP বা IEP পরিষেবাসমূহ প্রদান করে।

IFSP এর মাধ্যমে পরিষেবা প্রাপ্ত শিশু ও পরিবারগুলির জন্য, পিতামাতাগণ পূর্ব লিখিত নোটিস (Prior Written Notice) এর সাথে প্রথাগত সুরক্ষাগুলির একটি প্রতিলিপি প্রাপ্ত করবে।

IEP এর মাধ্যমে পরিষেবাগুলি প্রাপ্ত শিশুদের জন্য, পিতামাতারা প্রথাগত সুরক্ষা নথির একটি প্রতিলিপি বছরে একবার প্রাপ্ত করবে, এছাড়া একটি সরকারী সংস্থা নথির অপর একটি প্রতিলিপি প্রদান করবে:

- প্রাথমিক সুপারিশ বা পিতামাতার অনুরোধের প্রেক্ষিতে;
- একটি বিদ্যালয় বর্ষে প্রথম লিখিত রাজ্য অভিযোগ প্রাপ্তির পরে;
- একটি স্কুল বছরের মধ্যে প্রথম যথাযথ প্রক্রিয়ার অভিযোগ প্রাপ্তির পরে;
- কোনো শাস্তিমূলক ব্যবস্থা নিতে যখন একটি সিদ্ধান্ত নেওয়া হয়; এবং
- পিতামাতার অনুরোধক্রমে।

একটি সরকারী সংস্থা প্রথাগত সুরক্ষা নোটিসের একটি সাম্প্রতিক প্রতিলিপি তার ইন্টারনেট ওয়েবসাইটে প্রকাশিত করতে পারে যদি এই ধরনের ওয়েবসাইট বিদ্যমান থাকে।

প্রথাগত সুরক্ষা নথির মধ্যে অন্তর্ভুক্ত পিতামাতাদের অধিকারের সহজ বোধগম্যভাবে অভিভাবকের মাতৃভাষায় পূর্ণ ব্যাখ্যা, যদি না এটি স্পষ্টতই সম্ভবপর হয়। যদি মাতৃভাষা বা পিতামাতার যোগাযোগের অন্য ধরণটি একটি লিখিত ভাষা না হয়, সরকারী সংস্থা প্রথাগত সুরক্ষা নথিটি মৌখিকভাবে বা অন্য কোন ভাবে পিতামাতার মাতৃভাষা বা যোগাযোগের অন্য ধরণে অনুবাদ করতে ব্যবস্থা নেবে। সরকারী সংস্থা অবশ্যই নোটিশের অনুবাদের এবং প্রথাগত সুরক্ষার বিষয়বস্তু পিতামাতার বোধগম্য হওয়ার লিখিত প্রমাণপত্র রাখবে।

মাতৃভাষা

পিতামাতাদের তাদের বোধগম্য ভাষায় তথ্য পাওয়ার অধিকার রয়েছে।

মাতৃভাষা, ব্যবহৃত হবে যখন কারোর ইংরাজীতে দক্ষতায় সীমাবদ্ধতা থাকে, এর অর্থ নিম্নরূপ:

- যে ভাষাটি সেই ব্যক্তি সাধারণত ব্যবহার করেন, অথবা, শিশুর ক্ষেত্রে, শিশুটির পিতামাতার দ্বারা সাধারণভাবে ব্যবহৃত ভাষা;

- একটি শিশুর সাথে সরাসরি যোগাযোগের সকল ক্ষেত্রে (শিশুর মূল্যায়ণ সহ), শিশুর দ্বারা বাড়িতে বা শিক্ষার বাতাবরণে সাধারণভাবে ব্যবহৃত ভাষা

অন্ধ ও বধির ব্যক্তিদের জন্য, বা কোন লিখিত ভাষা না থাকা কোন ব্যক্তির জন্য, যোগাযোগের প্রকার হবে সেই ব্যক্তিটির দ্বারা সাধারণভাবে ব্যবহৃত ভাষা (যেমন ইসারায় বলা ভাষা, ব্রেইল, বা মৌখিক যোগাযোগ)।

পিতামাতারা তাঁদের শিশুদের সম্পূর্ণ করা IFSP বা IEP পিতামাতার মাতৃভাষায় অনুবাদের জন্য অনুরোধ করতে পারেন। পিতামাতা কর্তৃক কথিত মাতৃভাষা যদি স্থানীয় স্কুল ব্যবস্থার শিক্ষার্থী সংখ্যার এক শতাংশের বেশি হয় (1%), অনুরোধের পর 30 দিনের মধ্যে যথাযথ স্কুল কর্তৃপক্ষ অবশ্যই পিতামাতাকে অনূদিত নথি প্রদান করবেন। এই নথির মধ্যস্থতা বিভাগেও এই এক শতাংশ অনুবাদের প্রয়োজনীয়তা আলোচিত হয়েছে।

বৈদ্যুতিন মেল

পিতামাতারা বৈদ্যুতিনভাবে নোটিস পাবার বিকল্প বেছে নিতে পারেন যদি এই সেই বিকল্পটি উপলব্ধ থাকে। যদি সরকারী সংস্থাটি পিতামাতাদের নথি পাবার জন্য ই-মেলের বিকল্প প্রদান করে, পিতা-মাতা নিম্নলিখিতগুলি ই-মেলের মাধ্যমে পাবার জন্য বেছে নিতে পারেন:

- পূর্ব লিখিত নোটিস;
- প্রথাগত সুরক্ষার নোটিস; এবং
- যথাযথ প্রক্রিয়াগুলির জন্য অনুরোধ সম্পর্কিত নোটিসসমূহ।

পূর্ব লিখিত নোটিস

পিতা-মাতাদের তাঁদের সন্তানদের জন্য প্রারম্ভিক হস্তক্ষেপ পরিষেবা বা বিশেষ শিক্ষা র সম্পর্কিত সরকারী সংস্থার পদক্ষেপগুলি সম্পর্কে লিখিত তথ্য পাবার অধিকার আছে।

নোটিস:

একটি সরকারী সংস্থা নিম্নলিখিতগুলি প্রতিবার প্রস্তাব করতে, বা প্রত্যাখ্যান করতে বা পরিবর্তন করতে অবশ্যই পিতা-মাতাদের লিখিত নোটিস প্রদান করবে:

- শনাক্তকরণ;
- মূল্যায়ণ;
- শিক্ষা কর্মসূচি;
- শিশুর জন্য শিক্ষাগত সুযোগ
- শিশুর জন্য একটি বিনামূল্যে যথাযথ সার্বজনীন শিক্ষা ব্যবস্থা (FAPE); অথবা
- একটি IFSP মাধ্যমে সন্তান ও সন্তানের পরিবারকে প্রারম্ভিক মধ্যস্থতা পরিষেবা ব্যবস্থা, অথবা
- একটি IEP এর মাধ্যমে সন্তানের বিশেষ শিক্ষা ও সে সম্পর্কিত পরিষেবা ব্যবস্থা।

যখন লিখিত নোটিসটি পিতামাতার সম্মতি প্রয়োজন এমন একটি ব্যবস্থা সম্পর্কিত হয়, তখন সরকারি সংস্থা একই সময়ে লিখিত নোটিস দিতে পারে।

লিখিত নোটিসের বিষয়বস্তু:

IFSP মাধ্যমে সেবা প্রাপ্ত শিশু ও পরিবারদের জন্য, লিখিত নোটিসটি অবশ্যই:

- প্রস্তাবিত বা প্রত্যাখ্যাত ব্যবস্থাটি বর্ণনা করবে;
- ব্যবস্থা গ্রহণের কারণ ব্যাখ্যা করবে: এবং
- প্রথাগত সুরক্ষা অন্তর্ভুক্ত থাকবে।

IEP-র মাধ্যমে সেবা প্রাপ্ত শিশুদের জন্য, লিখিত নোটিসটি অবশ্যই:

- সেই ব্যবস্থা(সমূহ)-কে বর্ণনা করবে যেগুলি সরকারী সংস্থা প্রস্তাব করে বা গ্রহণে অস্বীকার করে;
- বর্ণনা করে কেন সরকারী সংস্থাটি ব্যবস্থা(সমূহ) প্রস্তাব করেছে বা গ্রহণে অস্বীকার করেছে;
- ব্যবস্থা(সমূহ) প্রস্তাব বা প্রত্যাখ্যানের সিদ্ধান্ত নেবার জন্য সরকারী সংস্থা দ্বারা ব্যবহৃত রেকর্ড বা রিপোর্ট, মূল্যায়ন, প্রতিটি মূল্যায়ন প্রক্রিয়া বর্ণনা করবে;
- একটি বিবৃতি অন্তর্ভুক্ত থাকবে যাতে IDEA-তে থাকা প্রথাগত সুরক্ষা ব্যবস্থার অধীনে পিতামাতারা সুরক্ষা পায়;
- যদি সরকারী সংস্থা দ্বারা প্রস্তাবিত বা প্রত্যাখ্যাত ব্যবস্থাটি মূল্যায়নের জন্য করা প্রাথমিক সুপারিশ না হয় তাহলে পিতামাতাদের এতে বলা হবে যে কেমন করে তারা প্রথাগত সুরক্ষা পেতে পারে;
- IDEA বুঝতে সাহায্য করার জন্য পিতামাতাদের যোগাযোগ করার উপযোগী উত্সগুলি অন্তর্ভুক্ত থাকবে;
- শিশুর ইন্ডিভিজুয়ালাইজড ফ্যামিলি সার্ভিস প্ল্যান টিম (IFSP) বা ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) টিম বিবেচনা করেছে এমন অন্য কোন পছন্দ এবং কেন সেই পছন্দগুলি বাতিল হচ্ছে সেটা বর্ণনা করে; এবং
- অন্যান্য কারণগুলির বর্ণনা প্রদান করে যে কেন সরকারী সংস্থাটি ব্যবস্থাটির প্রস্তাব করেছে বা প্রত্যাখ্যান করেছে।

সম্মতি

পিতামাতার সম্মতি:

একটি সরকারী সংস্থাকে অবশ্যই একটি শিশুকে প্রারম্ভিক হস্তক্ষেপ এবং বিশেষ শিক্ষা ও এই সম্পর্কিত পরিষেবাগুলি প্রাপ্ত করতে এবং প্রারম্ভিক মধ্যস্থতা এবং বিশেষ শিক্ষা এবং এই সম্পর্কিত পরিষেবাগুলি প্রদানের পূর্বে পিতামাতার সম্মতির প্রয়োজন। পিতামাতাদের যে কোন সময় সম্মতি প্রত্যাহার করে নেবার অধিকার রয়েছে। মূল্যায়নের জন্য সম্মতির কিছু ব্যতিক্রম আছে।

সম্মতির অর্থ হল পিতামাতা:

- সম্পূর্ণরূপে তাদের মাতৃভাষায় বা যোগাযোগের অন্যান্য মাধ্যমে যার জন্য সম্মতি চাওয়া হয়েছে, সেই কার্যকলাপ সংক্রান্ত প্রাসঙ্গিক সকল তথ্য অবগত হয়েছেন;
- যে কার্যকলাপগুলি চালিয়ে যাবার জন্য সম্মতি চাওয়া হয়েছে সেটা বুঝেছেন ও লিখিতভাবে সম্মত হয়েছেন এবং সম্মতিটি কার্যকলাপ বর্ণনা করে এবং যার জন্য সম্মতি প্রদত্ত হচ্ছে সেই রেকর্ডগুলি (যদি কিছু থেকে থাকে) তালিকাভুক্ত করে যাকে প্রকাশ করা হবে ও কার কাছে প্রকাশ করা হবে সেটা জানানো হয়; এবং
- বুঝেছেন যে সম্মতি প্রদানটি স্বেচ্ছামূলক এবং যে কোন সময় প্রত্যাহার করা যেতে পারে।

যদি পিতামাতা সম্মতিটি প্রত্যাহার করেন, এটি সম্মতি থাকা সময়ের মধ্যে এবং প্রত্যাহার করার আগে পর্যন্ত সরকারী সংস্থা দ্বারা গৃহীত কোনো ব্যবস্থাকে বাতিল করে না।

যদি পিতামাতা তাঁদের সন্তান প্রাথমিকভাবে প্রদত্ত বিশেষ শিক্ষা এবং এই সম্পর্কিত পরিষেবা প্রাপ্ত করার পর বিশেষ শিক্ষা প্রদানের জন্য সম্মতিটি লিখিতভাবে প্রত্যাহার করেন, তাহলে সরকারী সংস্থাটির সম্মতি প্রত্যাহার করার কারণে

শিশুটির বিশেষ শিক্ষা এবং এই সম্পর্কিত পরিষেবাগুলি প্রাপ্ত করানোর জন্য কোন রেফারেন্স মুছতে শিশুটির শিক্ষাগত রেকর্ডগুলি সংশোধনের প্রয়োজন হয় না।

IFSP এর মাধ্যমে পরিষেবাগুলির জন্য পিতামাতার সম্মতি:

নিম্নলিখিতগুলির পূর্বে পিতামাতাদের অবশ্যই লিখিত অবগত সম্মতি প্রদান করতে হবে:

- শিশু ও পরিবারের সকল স্ক্রিনিং, পর্যালোচনা, মূল্যায়নের জন্য
- প্রারম্ভিক হস্তক্ষেপ পরিষেবা এবং অতিরিক্ত মূল্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য
- যদি লিখিত সম্মতি না দেওয়া হয়, স্থানীয়ভাবে পরিচালিত সংস্থা যথাযথ প্রচেষ্টা করবে এটি নিশ্চিত করতে যে পিতামাতা:
 - পর্যালোচনা ও মূল্যায়নের চরিত্র অথবা উপলব্ধ পরিষেবাগুলি সম্পর্কে সম্পূর্ণরূপে সচেতন; এবং
 - অবগত যে তাঁদের সন্তান পর্যালোচনা ও মূল্যায়ণ বা পরিষেবা প্রাপ্ত করতে সক্ষম হবে না যতক্ষণ না লিখিত সম্মতি প্রদান করা হচ্ছে।

IFSP এর মাধ্যমে পরিষেবাগুলি অস্বীকার করার পিতামাতার অধিকার:

একটি উপযুক্ত সন্তানের পিতামাতা স্থির করতে পারেন যে তাঁরা, তাঁদের সন্তান, বা অন্য কোনো পরিবারের সদস্য প্রারম্ভিক হস্তক্ষেপ পরিষেবা গ্রহণ বা প্রত্যাহার করবেন কিনা এবং এই পরিষেবাটি প্রথমে গ্রহণ করে পরে অন্যান্য প্রারম্ভিক হস্তক্ষেপ পরিষেবা প্রাপ্তিকে খর্ব না করে প্রত্যাহার করতে পারেন। যদি কোন পিতামাতা তাঁদের তিন বা তার বেশি বয়সী সন্তানের জন্য প্রারম্ভিক হস্তক্ষেপ চালিয়ে যেতে মনস্থ করেন, তাহলে একটি শিক্ষাগত ব্যবস্থা অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে। যদি পিতামাতা শিক্ষাগত ব্যবস্থা না চান, তাহলে তাঁরা প্রারম্ভিক হস্তক্ষেপ পরিষেবা পাবার যোগ্য হবে না।

প্রাথমিক পর্যালোচনার জন্য পিতামাতার সম্মতি:

কোন সরকারী সংস্থা কোন শিশুর জন্য প্রাথমিক পর্যালোচনা সংগঠিত করার পূর্বে শিশুটি প্রারম্ভিক হস্তক্ষেপ পরিষেবা বা বিশেষ শিক্ষা এবং সম্পর্কিত পরিষেবাগুলির জন্য উপযুক্ত কিনা নির্ধারণ করার জন্য নিম্নলিখিতগুলি করা আবশ্যিক:

- পিতামাতাকে প্রস্তাবিত ব্যবস্থার পূর্ব লিখিত নোটিস প্রদান; এবং
- অভিভাবকের সম্মতি আদায়।

সরকারী সংস্থাকে অবশ্যই শিশুটি যে প্রতিবন্ধী শিশু যার প্রারম্ভিক হস্তক্ষেপ বা বিশেষ শিক্ষা এবং সম্পর্কিত পরিষেবা ব্যবস্থার প্রয়োজন কিনা নির্ধারণে অবগত সম্মতি পাবার জন্য উপযুক্ত প্রচেষ্টা নিতে হবে।

প্রাথমিক পর্যালোচনার জন্য পিতামাতার সম্মতির অর্থ এরূপ নয় যে পিতামাতা সরকারী সংস্থাকে তাঁদের সন্তানের জন্য প্রারম্ভিক হস্তক্ষেপ বা বিশেষ শিক্ষা এবং সম্পর্কিত পরিষেবা প্রদানের জন্যেও সম্মতি দান করছেন।

পরিষেবাগুলির জন্য পিতামাতার সম্মতি:

একটি সরকারী সংস্থাকে অবশ্যই কোন শিশুকে প্রথমবার প্রারম্ভিক হস্তক্ষেপ বা বিশেষ শিক্ষা এবং সম্পর্কিত পরিষেবা প্রদানের পূর্বে অবগত সম্মতি পেতে হবে। কোন সরকারী সংস্থা অভিভাবকের সম্মতি ছাড়া একটি চুক্তি রাখতে অবশ্যই মধ্যস্থতা বা যথাযথ প্রক্রিয়া পদ্ধতি অথবা প্রারম্ভিক হস্তক্ষেপ বা বিশেষ শিক্ষা ও সম্পর্কিত পরিষেবা যা IFSP বা IEP দল দ্বারা শিশুটিকে প্রদান করা হতে পারে এমন ফতোয়ার অবশ্যই ব্যবহার করবে না, যদি পিতামাতা:

- তাঁদের সন্তানের প্রারম্ভিক হস্তক্ষেপ বা বিশেষ শিক্ষা এবং সম্পর্কিত পরিষেবা পেতে সম্মতি দিতে অস্বীকার করেন; অথবা
- প্রথমবার বিশেষ শিক্ষা এবং সম্পর্কিত পরিষেবা ব্যবস্থার জন্য সম্মতি প্রদানের অনুরোধে কোন সাড়া না দেন।

যদি পিতামাতা তাঁদের সন্তানের জন্য প্রথমবার প্রারম্ভিক হস্তক্ষেপ বা বিশেষ শিক্ষা এবং সম্পর্কিত পরিষেবা পাবার জন্য সম্মতি প্রদান করতে অস্বীকার করেন, অথবা যদি পিতামাতা সম্মতিদানের অনুরোধে সাড়া না দেন, সরকারী সংস্থা:

- তাদের সন্তানের জন্য উপলব্ধ একটি বিনামূল্যে যথাযথ জনশিক্ষা (FAPE) প্রদানের প্রয়োজনীয়তাকে লঙ্ঘন করে না; এবং
- তাঁদের সন্তানের জন্য একটি ইন্ডিভিজুয়ালাইজড ফ্যামিলি সার্ভিস প্ল্যান (IFSP) বৈঠক বা ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) বৈঠক বা IFSP/IEP বিকাশের প্রয়োজন হয় না।

পরিষেবাগুলির জন্য পিতামাতার সম্মতি প্রত্যাহার:

সরকারী সংস্থার বিশেষ শিক্ষা এবং সম্পর্কিত পরিষেবাগুলি শুরু করার পর যে কোন সময়ে যদি কোন শিশুর পিতামাতা প্রারম্ভিক হস্তক্ষেপ বা বিশেষ শিক্ষা এবং সম্পর্কিত পরিষেবাগুলির চলতি ব্যবস্থার জন্য সম্মতি লিখিতভাবে প্রত্যাহার করেন, সরকারী সংস্থাটি:

- সম্মতি প্রত্যাহারের কারণে বিশেষ শিক্ষা এবং সম্পর্কিত পরিষেবাগুলির কোন উল্লেখ মুছে ফেলে শিশুর শিক্ষাগত রেকর্ডগুলিকে সংশোধন করার প্রয়োজন হয় না;
- শিশুটিকে প্রারম্ভিক হস্তক্ষেপ এবং বিশেষ শিক্ষা ও সম্পর্কিত পরিষেবা প্রদান করা জারি নাও রাখতে পারে, কিন্তু প্রারম্ভিক হস্তক্ষেপ এবং বিশেষ শিক্ষা ও এই সম্পর্কিত পরিষেবাগুলি স্থগিত করতে পিতামাতার লিখিত অনুরোধের প্রেক্ষিতে প্রারম্ভিক হস্তক্ষেপ এবং বিশেষ শিক্ষা ও এই সম্পর্কিত পরিষেবাগুলি স্থগিত করার পূর্বে অবশ্যই পূর্ব লিখিত নোটিস প্রদান করবে;
- চুক্তি রাখতে হস্তক্ষেপ বা যথাযথ প্রক্রিয়া গ্রহণ বা শিশুটিকে পরিষেবাগুলি প্রদান করা হতে পারে এমন একটি ফতোয়ার ব্যবহার নাও করতে পারেন;
- শিশুটিকে পরবর্তী বিশেষ শিক্ষাদান এবং এই সংক্রান্ত পরিষেবা প্রদানে ব্যর্থতার কারণে সন্তানটির ক্ষেত্রে FAPE উপলব্ধ করার শর্ত উল্লেখ হয়েছে এমন বিবেচনা করা চলবে না; এবং
- শিশুটির জন্য বিশেষ শিক্ষা এবং এই সংক্রান্ত পরিষেবার পরবর্তী ব্যবস্থার জন্য একটি IEP টিম মিটিং আহ্বানের বা একটি IEP বিকাশের প্রয়োজন হয় না।

সম্মতি প্রত্যাহার সেই ব্যবস্থাকে বাতিল করে না যা সরকারী সংস্থার সম্মতি পাওয়া সময়ের মধ্যে এবং সম্মতি প্রত্যাহারের পূর্বে করা হয়েছে।

কেবল IFSP সন্তানদের ক্ষেত্রে পুনর্মূল্যায়নের জন্য পিতামাতার সম্মতি:

একটি সরকারী সংস্থাকে একটি শিশুর পৃথক মূল্যায়ণ ও সমীক্ষণ সঞ্চালনের পূর্বে অবশ্যই অবগত সম্মতি পেতে হবে। যদি কোন পিতামাতা সম্মতি না দেন, পরিচালন সংস্থাটি অবশ্যই উপযুক্ত প্রচেষ্টা করবে যাতে নিশ্চিত হওয়া যায় যে সেই পিতামাতা:

- শিশুর জন্য উপলব্ধ মূল্যায়ণ ও পর্যালোচনার প্রকৃতি সম্পর্কে সম্পূর্ণরূপে অবগত হন যেটা তাঁদের কাছে উপলব্ধ হবে; এবং
- বোঝেন যে সম্মতি প্রদান ছাড়া সন্তানটির মূল্যায়ণ ও পর্যালোচনার ফল পাওয়া যাবে না।

পিতামাতা নতুন পর্যালোচনাগুলির জন্য অনুমতি প্রত্যাখ্যান করলে, সরকারী সংস্থাটির পক্ষে পিতামাতার সম্মতিদানে প্রত্যাখ্যানকে চ্যালেঞ্জ জানাতে যথাযথ প্রক্রিয়া গ্রহণ নাও করতে পারেন।

কেবল IEP শিশু ও যুবাদের জন্য পুনর্মূল্যায়নের জন্য পিতামাতার সম্মতি:

একটি সরকারী সংস্থাকে কোন শিশুর পৃথক মূল্যায়ণ ও সমীক্ষণ সঞ্চালনের পূর্বে অবশ্যই অবগত সম্মতি পেতে হবে, যদি না সরকারী সংস্থাটি প্রদর্শিত করতে পারে:

- এটি পুনর্মূল্যায়নের জন্য পিতামাতার সম্মতি পেতে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করেছে; এবং
- পিতামাতা সাড়া দেন নি।

যদি নতুন মূল্যায়নের জন্য পিতামাতা সম্মতি প্রত্যাহার করেন, সরকারী সংস্থাটি চাইলে, কিন্তু তা প্রয়োজনীয় নয়, যথাযথ প্রক্রিয়া গ্রহণ করে পিতামাতার সম্মতি প্রত্যাহারকে চ্যালেঞ্জ করে সেই প্রত্যাহারকে অগ্রাহ্য করতে পারে। প্রাথমিক মূল্যায়নের ক্ষেত্রে, সরকারী সংস্থাটি যদি নতুন মূল্যায়ণ করতে অস্বীকৃত হয়, IDEA এর অধীনে সেটি নিজের বাধ্যবাধকতা লঙ্ঘন করে না।

পিতামাতার সম্মতি অর্জনে যথাযথ প্রচেষ্টা গ্রহণের সমর্থনে নথি:

একটি সরকারী সংস্থা প্রারম্ভিক হস্তক্ষেপ বা বিশেষ শিক্ষা এবং এই সংক্রান্ত পরিষেবাগুলি প্রথমবার প্রদান করতে প্রাথমিক মূল্যায়নের জন্য, প্রাথমিক সমীক্ষণের জন্য বা বিশেষ শিক্ষার জন্য এবং সম্পর্কিত পরিষেবার জন্য, পুনর্মূল্যায়নের জন্য, এবং পিতামাতার রাজ্যের ওয়ার্ডের অবস্থান নির্ণয় করতে অভিভাবকের সম্মতি আদায় করতে অবশ্যই যুক্তিসঙ্গত প্রয়াসের নথিপত্র রক্ষণাবেক্ষণ করবে।

নথিপত্রের মধ্যে অবশ্যই সরকারী সংস্থার পিতামাতার সম্মতি আদায়ের প্রয়াসের একটি রেকর্ড অন্তর্ভুক্ত থাকবে, যেমন:

- টেলিফোন কল করার বা কল করার প্রচেষ্টার বিস্তারিত বিবরণ এবং সেই সকল ফোন কলের ফলাফল;
- পিতামাতাকে প্রেরিত চিঠিপত্রের এবং তার কোন উত্তর পাওয়া গেলে সেটির প্রতিলিপি; এবং
- পিতামাতার বাড়িতে বা কর্মক্ষেত্রে পরিদর্শনের বিস্তারিত রেকর্ড এবং সেই সকল পরিদর্শনের ফলাফল।

অন্যান্য সম্মতি সংশ্লিষ্ট প্রয়োজনীয়তা:

একটি সরকারী সংস্থার নিম্নলিখিতগুলির জন্য পিতামাতার সম্মতির প্রয়োজন হয় না:

- আপনার সন্তানের মূল্যায়নের বা পুনর্মূল্যায়নের অংশ রূপে বিদ্যমান তথ্যের পর্যালোচনা; অথবা
- আপনার সন্তানকে দিয়ে একটি পরীক্ষা দেয়ানো বা অন্য মূল্যায়ণ করানো যা সকল শিশুদের করতে দেওয়া হয়, যদি না, সেই পরীক্ষা বা মূল্যায়নের পূর্বে, সকল শিশুদের জন্য সকল পিতামাতার সম্মতির প্রয়োজন হয়।

সরকারী সংস্থাটি পিতামাতার সম্মতিদানের অস্বীকৃতিকে অন্য কোন পরিষেবা, সুবিধা, বা কার্যকলাপ সন্তান ও পিতামাতাকে প্রদানে অস্বীকার করার কারণ রূপে ব্যবহার করতে পারবে না।

যদি কোন পিতামাতা তাঁদের সন্তানকে বেসরকারী স্কুলে তাঁদের নিজ খরচায় ভর্তি করে থাকেন, তাহলে কোনো সরকারী সংস্থা শিশুর যোগ্যতা নিরূপণে যথাযথ প্রক্রিয়া গ্রহণ বা মধ্যস্থতা ব্যবহার নাও করতে পারে এবং শিশুটিকে ন্যায়সঙ্গত সেবা গ্রহণের জন্য যোগ্য বিবেচনা করার কোনো প্রয়োজন নেই, যদি:

- পিতামাতা তাঁদের সন্তানের প্রাথমিক মূল্যায়ণ বা পুনর্মূল্যায়নের জন্য সম্মতি প্রদান না করেন; অথবা
- পিতামাতা সম্মতিদান করার অনুরোধের উত্তর দিতে ব্যর্থ হন।

পদক্ষেপগুলির জন্য IDEA এর পিতামাতার সম্মতি (প্রাথমিক মূল্যায়ন, চাকুরির প্রাথমিক শর্ত এবং পুনর্মূল্যায়ন) এর প্রয়োজনের পাশাপাশি মেরিল্যান্ড আইন অনুযায়ী IEP টিমকে অবশ্যই একজন পিতামাতার থেকে লিখিত সম্মতি প্রাপ্ত করতে হবে যদি দলটি প্রস্তাব করে:

- শিশুটিকে একটি বিকল্প শিক্ষা কর্মসূচিতে নথিভুক্ত করতে যা মেরিল্যান্ড হাই স্কুল ডিপ্লোমা ইস্যু করে না তাতে সুবিধা প্রদান করে না;
- রাজ্যের বিকল্প পাঠ্যক্রমের সাথে সামঞ্জস্যপূর্ণ বিকল্প শিক্ষা মূল্যায়নের জন্য শিশুটিকে শনাক্ত করতে; অথবা
- COMAR 13A.08.04.05 এ বর্ণিত হিসাবে সন্তানের আচরণ মোকাবেলা করার জন্য IEP-তে নিয়ন্ত্রণ বা একত্রীকরণ অন্তর্ভুক্ত করতে।

যদি পিতামাতা উপরে লিখিত কোনো প্রস্তাবিত পদক্ষেপে লিখিত অনুমতি প্রদান না করেন, IEP টিম অবশ্যই পিতামাতাকে তাঁদের লিখিত সম্মতির অধিকারগুলির বিস্তৃতিটি IEP টিম মিটিংয়ের পাঁচ (5) কর্মদিবসের অনধিক পরে অবশ্যই পাঠাবে, তাঁদের জানাবে যে:

- পিতামাতার অধিকার রয়েছে প্রস্তাবিত কর্মের সাথে সম্মতি দেওয়া না দেওয়ার অধিকার রয়েছে; এবং
- যদি IEP টিম মিটিংয়ের পনের (15) কার্যদিবসের মধ্যে পিতামাতা লিখিত সম্মতি বা লিখিত অস্বীকৃতি না দেন, তবে IEP টিম প্রস্তাবিত কার্যক্রম বাস্তবায়ন করতে পারে।

যদি পিতামাতা উপরে তালিকাভুক্ত প্রস্তাবিত কোনও পদক্ষেপে সম্মতি দিতে অস্বীকার করে, তবে IEP টিম বিষয়টির সমাধান করার জন্য শিক্ষা বিষয়ক ধারা §8-413 (মধ্যস্থতা বা উপযুক্ত প্রক্রিয়া) তে তালিকাভুক্ত বিরোধ নিষ্পত্তি বিকল্পগুলি ব্যবহার করতে পারে।

সারোগেট পিতামাতা

স্থানীয়ভাবে পরিচালিত সংস্থা বা স্থানীয় বিদ্যালয় ব্যবস্থা একজন উপযুক্ত শিশুর প্রতিনিধিত্ব করার জন্য একজন সারোগেট পিতামাতাকে নিয়োগ করবেন যদি:

- শিশুটির পিতামাতাকে শনাক্ত না করতে পারা যায়;
- সরকারী সংস্থার যথাযথ প্রয়াস স্বত্বেও শিশুটির পিতামাতাকে খুঁজে না পায়; অথবা
- শিশুটি মেরিল্যান্ড স্টেটের কোন শিক্ষার্থী হয়।

সারোগেট পিতামাতার জন্য শর্তাদি:

- শিশুর আগ্রহের সঙ্গে কোন দ্বন্দ্ব না থাকা
- জ্ঞান এবং কুশলতা থাকা যা শিশুটির পর্যাপ্ত প্রতিনিধিত্বকে নিশ্চিত করে
- রাজ্যের কর্মী বা শিশুটি অথবা শিশুটির পরিবারের প্রারম্ভিক হস্তক্ষেপ বা অন্য পরিষেবা প্রদানে নিয়োজিত কোন পরিষেবা প্রদানকারীর কর্মী নন
- সংস্থার কোন কর্মী সারোগেট পিতামাতা হবার জন্য কোনভাবেই বিবেচিত হয় না কারণ ব্যক্তিটি সরকারী সংস্থা থেকে সারোগেট পিতামাতা হবার জন্য অর্থ উপার্জন করেন।

স্থানীয়ভাবে পরিচালিত সংস্থা বা স্থানীয় বিদ্যালয় ব্যবস্থা সারোগেট পিতামাতা নিয়োগের জন্য স্টেট সুপারিনটেনডেন্ট অফ স্কুলস বা সুপারিনটেনডেন্ট পদমর্যাদার কাউকে জানাবে।

একজন সারোগেট পিতামাতা সকল বিষয়ে একজন শিশুর প্রতিনিধিত্ব করতে পারেন নিম্নলিখিত সম্পর্কে:

- শিশুর মূল্যায়ণ ও পর্যালোচনা;
- শিশুর IFSP বিকাশ ও প্রয়োগ, এর মধ্যে অন্তর্ভুক্ত, বার্ষিক মূল্যায়ণ এবং মেয়াদী পর্যালোচনা;
- শিশুর IEP উন্নয়ন, পর্যালোচনা, এবং সংশোধন;
- IFSP মাধ্যমে সন্তান এবং পরিবারের প্রারম্ভিক হস্তক্ষেপ পরিষেবার চলতি ব্যবস্থা; অথবা
- IEP মাধ্যমে একটি শিশুর বিশেষ শিক্ষা ও সম্পর্কিত পরিষেবাগুলির ব্যবস্থা।

রাজ্যের শিশুদের প্রাথমিক মূল্যায়নের বিশেষ বিধি:

যদি একটি শিশু রাজ্যের শিশু হয় এবং তার পিতামাতার সাথে বসবাস না করে, সরকারী সংস্থার পক্ষে কোনো অক্ষমতা সম্পন্ন শিশুর প্রতিবন্ধকতা নির্ণয়ে প্রাথমিক মূল্যায়নের জন্য পিতামাতার কাছ থেকে সম্মতি নেবার প্রয়োজন হয় না যদি:

- যথাযথ প্রয়াস স্বত্বেও সরকারী সংস্থাটি শিশুটির পিতামাতাকে খুঁজে না পায়;
- রাজ্যের আইন অনুসারে পিতামাতার অধিকার বাতিল হয়; অথবা
- কোনো বিচারক শিক্ষাগত সিদ্ধান্ত গ্রহণের এবং প্রারম্ভিক মূল্যায়নের সম্মতি দেবার অধিকার পিতামাতা ছাড়া অন্য কোনো ব্যক্তিকে দিয়েছেন।

স্বাধীন শিক্ষাগত মূল্যায়ণ

যদি কোন পিতামাতা সরকারী সংস্থা দ্বারা সম্পূর্ণ করা মূল্যায়নের সাথে সম্মত না হন, পিতামাতার সরকারী সংস্থাটিতে কাজ করেন না এমন কাউকে দিয়ে সন্তানের মূল্যায়ণ করানোর অধিকার রয়েছে।

সংজ্ঞা:

- স্বাধীন শিক্ষাগত মূল্যায়নের অর্থ হল সন্তানের শিক্ষাদানের জন্য উপযুক্তভাবে যোগ্যতাসম্পন্ন কোন ব্যক্তিকে দিয়ে পরীক্ষা ও মূল্যায়ণ করানো যিনি সরকারী সংস্থাটিতে কর্মরত নন; এবং
- সরকারী খরচের অর্থ হল সরকারী সংস্থা হয় মূল্যায়নের পুরো খরচ বহন করে নতুবা নিশ্চিত করবে যে মূল্যায়ণ অন্য এমন কোনো উপায়ে করানো হয়ে যেন তাতে পিতামাতার কোন খরচ না হয়।

পিতামাতাদের অধিকার রয়েছে তাঁদের সন্তানের জন্য IDEA এর অধীনে স্বাধীন শিক্ষাগত মূল্যায়ণ করানোর, যার পদ্ধতি নীচে দেওয়া হয়েছে। সরকারী সংস্থা পিতামাতাদের স্বাধীন শিক্ষাগত মূল্যায়নের জন্য অনুরোধের প্রেক্ষিতে নিম্নলিখিত তথ্য প্রদান করবে:

- কোথায় স্বাধীন শিক্ষাগত মূল্যায়ণ করানো যেতে পারে; এবং
- একটি স্বাধীন শিক্ষাগত মূল্যায়নের জন্য প্রয়োজ্য সরকারী সংস্থার মানদণ্ড।

সরকারী সংস্থার শর্ত:

যখন স্বাধীন শিক্ষাগত মূল্যায়ণ সরকারী খরচে করা হয়, যে মানদণ্ডের অধীনে স্বাধীন শিক্ষাগত মূল্যায়ণটি সম্বন্ধিত হয়েছে, এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে, মূল্যায়নের অবস্থান এবং পরীক্ষকের শিক্ষাগত যোগ্যতা যেটা অবশ্যই সেই সরকারী সংস্থার মূল্যায়ণ করার সময় ব্যবহৃত মানদণ্ডের অনুরূপ হতে হবে, সেই মানদণ্ডটি যতটা সম্ভব পিতামাতার স্বাধীন শিক্ষাগত মূল্যায়নের অধিকারের সাথে সামঞ্জস্যপূর্ণ হবে। উপরে বর্ণিত মানদণ্ড ছাড়া, একটি

সরকারী সংস্থা সরকারী খরচে স্বাধীন শিক্ষাগত মূল্যায়নের সাথে সম্পর্কিত সময়সীমা বা শর্ত আরোপ নাও করতে পারে।

সরকারী খরচে মূল্যায়ণে কোনো পিতামাতার অধিকার:

পিতামাতার অধিকার রয়েছে সরকারী খরচে একটি স্বাধীন শিক্ষাগত মূল্যায়ণ করানোর জন্য যদি সরকারী সংস্থার করা মূল্যায়নের সাথে সহমত না হন। যদি পিতামাতারা সরকারী খরচে একটি স্বাধীন শিক্ষাগত মূল্যায়নের জন্য অনুরোধ করেন, সরকারী সংস্থাটি অবশ্যই, অযথা বিলম্ব করবে না, হয়:

- মূল্যায়ণটির সঠিকতা প্রদর্শিত করতে একটি যথাযথ প্রক্রিয়া গ্রহণ করে শুনানির ব্যবস্থা করবে; নতুবা
- নিশ্চিত করবে যেন সরকারী খরচে একটি স্বাধীন শিক্ষাগত মূল্যায়ণ করানো হয়, যদি না সরকারী সংস্থাটি যথাযথ প্রক্রিয়া গ্রহণ করে করা শুনানিতে দেখায় যে পিতামাতার দ্বারা অর্জিত মূল্যায়ণটি সরকারী সংস্থার মানদণ্ডের সাথে সামঞ্জস্যপূর্ণ নয়।

যদি সরকারী সংস্থার উদ্যোগে করানো একটি যথাযথ প্রক্রিয়ায় করা শুনানিতে সরকারী সংস্থার মূল্যায়ণটি যথাযথ হয়েছে বলে চূড়ান্ত সিদ্ধান্ত হয়, তাহলেও পিতামাতার একটি স্বাধীন শিক্ষাগত মূল্যায়নের অধিকার থাকে, কিন্তু সরকারী খরচে নয়।

যদি পিতামাতা স্বাধীন শিক্ষাগত মূল্যায়নের অনুরোধ করে, একটি সরকারী সংস্থা পিতামাতার নিকট সরকারী মূল্যায়ণে পিতামাতার আপত্তির কারণ জানতে চাইতে পারে। যদিও, পিতামাতার পক্ষে ব্যাখ্যা করা নিষ্প্রয়োজন এবং সরকারী সংস্থাটি অযথা বিলম্ব করতে পারে না, হয় সরকারী খরচে স্বাধীন শিক্ষাগত মূল্যায়নের ব্যবস্থা করবে নতুবা সরকারী সংস্থার মূল্যায়ণকে প্রতিষ্ঠিত করতে একটি যথাযথ প্রক্রিয়ায় করা শুনানির ব্যবস্থা করবে।

পিতামাতার প্রচেষ্টায় মূল্যায়ণ:

পিতামাতার সর্বদা অধিকার রয়েছে তাঁদের পছন্দের কোন যোগ্যতাসম্পন্ন পেশাদারকে দিয়ে তাঁদের নিজেদের খরচে শিক্ষাগত মূল্যায়ণ করার। IFSP/IEP দল অবশ্যই শিশুকে FAPE এর ব্যবস্থা সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণে ব্যক্তিগত খরচে পিতামাতার করানো মূল্যায়ণ থেকে তথ্য বিচার করবে, যদি সেটি সরকারী সংস্থার মানদণ্ডকে পূরণ করে। পিতামাতার করানো ব্যক্তিগত মূল্যায়নের ফলাফলটি যথাযথ প্রক্রিয়ায় করা শুনানিতে প্রামাণ্য স্বরূপ পেশ করাও যেতে পারে।

কোনো প্রশাসনিক আইনী বিচারক (ALJ) দ্বারা কোনো মূল্যায়নের জন্য

অনুরোধ:

যদি একজন প্রশাসনিক আইনী বিচারক (ALJ), প্রশাসনিক শুনানির কার্যালয়ের (OAH) নিকটে একটি যথাযথ প্রক্রিয়ায় করা শুনানির অংশ রূপে একটি স্বাধীন শিক্ষাগত মূল্যায়নের অনুরোধ করেন, তাহলে মূল্যায়নের ব্যয় অবশ্যই সরকারী খরচে হবে।

তথ্যের গোপনীয়তা

পিতামাতাদের অধিকার রয়েছে তাঁদের সন্তানের রেকর্ডগুলি পুনর্মূল্যায়ণ করানোর এবং সরকারী সংস্থাকে তাঁদের সন্তানের রেকর্ড সংশোধনের জন্য অনুরোধ জানানোর যদি তাঁরা মনে করেন যে রেকর্ডটি সঠিক নয়। পিতামাতার তাঁদের সন্তান সম্পর্কিত তথ্যাদি প্রকাশ করায় সম্মতি দেবার বা না দেবার অধিকার আছে, যদিও কিছু কিছু বিশেষ পরিস্থিতিতে সম্মতি গ্রহণ করা জরুরি নয়।

পিতামাতাদের অধিকার রয়েছে এটা আশা করা যে সরকারী সংস্থা তাঁদের সন্তানের প্রারম্ভিক হস্তক্ষেপ বা শিক্ষাগত রেকর্ডগুলি গোপন রাখবে এবং তাঁরা সরকারী সংস্থাকে তাঁদের সন্তানের শিক্ষাগত তথ্য বিনষ্ট করতে বলতে পারেন যখন সেটি আর কোন প্রয়োজনে আসবে না।

সংজ্ঞা:

বিনষ্টের অর্থ হল ভৌতিক বিনষ্ট বা তথ্য থেকে ব্যক্তিগত শনাক্তকারকগুলি অপসারণ যাতে তথ্যটি আর কোনভাবেই ব্যক্তিগতভাবে শনাক্তযোগ্য না হয়।

শিক্ষাগত রেকর্ডের অর্থ হল 34 C.F.R. অনুচ্ছেদ 99 (পারিবারিক শিক্ষার অধিকার প্রয়োগকারী বিধি এবং গোপনীয়তা আইন 1974 এর [FERPA])-তে “শিক্ষাগত রেকর্ড” সংজ্ঞার অধীনে থাকা প্রারম্ভিক হস্তক্ষেপ নথি সহ বিভিন্ন ধরনের নথি।

অংশগ্রহণকারী সংস্থার অর্থ এমন কোন সংস্থা বা প্রতিষ্ঠান যা ব্যক্তিগত শনাক্তকারক তথ্য সংগ্রহ, রক্ষণাবেক্ষণ, বা ব্যবহার করে, বা IDEA এর পার্ট B বা পার্ট C এর অধীনে যেখান থেকে তথ্য পাওয়া যায়। ব্যক্তিগত শনাক্তকারক তথ্যের মধ্যে অন্তর্ভুক্ত:

- শিশুর, শিশুর পিতামাতা, বা পরিবারের অন্য সদস্য/সদস্যের নাম;
- শিশুর ঠিকানা;
- একটি ব্যক্তিগত শনাক্তকারক, যেমন শিশুর সামাজিক সুরক্ষা নম্বর; অথবা
- ব্যক্তিগত বৈশিষ্ট্যের তালিকা বা অন্য তথ্য যা যথেষ্ট নিশ্চিত ভাবে শিশুর শনাক্তকরণ সম্ভব করে তুলবে।

সুরক্ষা:

প্রতিটি অংশগ্রহণকারী সংস্থা ব্যক্তিগত শনাক্তকারক তথ্য সংগ্রহ, সংরক্ষণ, প্রকাশ, এবং বিনষ্ট করার পর্যায়ে গোপনীয়তা রক্ষা করবে। একটি সরকারী সংস্থার একজন আধিকারিক ব্যক্তিগত শনাক্তকারক তথ্যের গোপনীয়তা রক্ষার জন্য দায়িত্বশীল থাকবেন। এর সাথে এইসকল পদ্ধতিগত সুরক্ষার প্রয়োজনীয়তা, যুক্তরাষ্ট্রীয় এবং রাজ্য আইন ও বিধিগুলিও শিক্ষাগত নথিগুলিকে সুরক্ষিত রাখার ব্যবস্থাকে পরিচালিত করে। সকল সরকারী সংস্থার কর্মী যাঁরা ব্যক্তিগত শনাক্তকরণযোগ্য তথ্য সংগ্রহ বা ব্যবহার করেন তাদের অবশ্যই ব্যক্তিগত শনাক্তকরণযোগ্য তথ্যের গোপনীয়তা রক্ষায় রাজ্যের নীতি ও পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষণ নিতে হবে। প্রতিটি অংশগ্রহণকারী সংস্থা সরকারী অনুসন্ধানের জন্য, ব্যক্তিগত শনাক্তকরণযোগ্য তথ্য প্রাপ্ত করতে পারে এমন কর্মীদের নাম এবং সংস্থার মধ্যে তাদের পদমর্যাদার একটি সাম্প্রতিক তালিকা রক্ষা করবে।

সম্মতি:

ব্যক্তিগত শনাক্তকরণযোগ্য তথ্য অংশগ্রহণকারী সংস্থা, যারা IDEA এর অধীনে তথ্য সংগ্রহ করেন বা ব্যবহার করেন তাঁরা ছাড়া অন্য কাউকে প্রকাশ করার, অথবা IDEA এর অধীনে অন্য যে কোন উদ্দেশ্যে প্রতিবন্ধকতা থাকা শিশুর FAPE-র প্রয়োজনীয়তা মেটাতে তথ্য সংগ্রহ বা ব্যবহার করার আগে সরকারী সংস্থাটি অবশ্যই পিতামাতার সম্মতি অর্জন করবেন। আইন প্রয়োগকারী ও আইনসম্মত কর্তৃপক্ষকারীদের কাজ ও তাঁদের দ্বারা উল্লেখ করা প্রতিবেদনে কোনো অক্ষমতা থাকা শিশুর দ্বারা সংঘটিত অপরাধ সম্পর্কিত ক্ষেত্রে পিতামাতার সম্মতির প্রয়োজন নেই যদি তথ্যের হস্তান্তরটি FERPA দ্বারা অনুমোদিত হয়।

সরকারী সংস্থাটি অভিভাবকের সম্মতি ছাড়া শিক্ষার তথ্য অংশগ্রহণকারী সংস্থাগুলির নিকট প্রকাশ করবে না যদি না সেটি FERPA এর অধীনে অনুমোদিত হয়। সরকারী সংস্থার জন্য MSDE নীতি

ও পদ্ধতির বিকাশ করেছে, এর মধ্যে শাস্তিও অন্তর্ভুক্ত, যাকে IDEA ও FERPA অনুসারে তার নীতি ও পদ্ধতিগুলি অনুসৃত হচ্ছে কিনা এবং গোপনীয়তার প্রয়োজনীয়তা মেনে চলা হচ্ছে কিনা নিশ্চিত করতে রাজ্য ব্যবহার করে থাকে।

প্রতিটি সরকারী সংস্থার পক্ষে কীভাবে পিতামাতাকে ব্যক্তিগত শনাক্তকরণযোগ্য তথ্যের গোপনীয়তা সম্পর্কে সম্পূর্ণ অবগত করার উপযোগী যথাযথ নোটিস দিতে হয় তার পদ্ধতিসমূহ মজুত থাকতে হবে যার অন্তর্ভুক্ত থাকবে:

- রাজ্যে বিভিন্ন জনগোষ্ঠীর মাতৃভাষায় যে ব্যাপ্তিতে নোটিসটি প্রদান করা হয়েছে তার বিবরণ;
- যেসব শিশুদের ব্যক্তিগতভাবে শনাক্তকরণযোগ্য তথ্য রক্ষিত হয় তাঁদের বিবরণ, এবং যেসব তথ্য চাওয়া হচ্ছে তার ধরন;
- নীতি ও পদ্ধতির সারসংক্ষেপ যা অংশগ্রহণকারী সংস্থাগুলিকে আবশ্যিকভাবে ব্যক্তিগত শনাক্তকরণযোগ্য তথ্যের সংরক্ষণ, তৃতীয় পক্ষের নিকট প্রকাশ, রক্ষণাবেক্ষণ, এবং বিনষ্ট করার সময় অনুসরণ করতে হবে;
- পিতামাতার সম্মতিদানে অস্বীকারের ঘটনার পরিপ্রেক্ষিতে ব্যবহৃত নীতি ও পদ্ধতির বিবরণ; এবং
- FERPA এর অধীনে প্রাপ্ত অধিকার এবং 34 C.F.R. §99 তে প্রযোজ্য বিধি সহ পিতামাতা এবং সন্তানদের এই তথ্যের সাথে সম্পর্কিত সকল অধিকারের বিবরণ।

কোনো উল্লেখযোগ্য শনাক্তকরণ, অবস্থান নির্ণয়, বা মূল্যায়ন কার্যকলাপ করার আগে, কার্যকলাপের অধিক্ষেত্র জুড়ে পিতামাতাদের অবহিত করতে পর্যাপ্ত প্রচার চালাতে অবশ্যই খবরের কাগজে বা অন্য মিডিয়াতে, অথবা উভয়তেই বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে।

অধিকার প্রাপ্তি:

প্রারম্ভিক হস্তক্ষেপ প্রাপ্ত শিশু ও পরিবারদের জন্য, স্থানীয় পরিচালিত সংস্থা বিনামূল্যে পিতামাতাদের তাঁদের সন্তানের প্রারম্ভিক হস্তক্ষেপ নথির প্রাথমিক প্রতিলিপি প্রদান করবে।

প্রতিটি সরকারী সংস্থা পিতামাতাদের তাঁদের সন্তানের শনাক্তকরণ, মূল্যায়ন, এবং শিক্ষাগত অবস্থান, IFSP এর বিকাশ ও প্রয়োগ এবং FAPE এর ব্যবস্থা সম্পর্কিত শিক্ষাগত নথিপত্র সংগ্রহ করা, রক্ষণাবেক্ষণ করা বা সরকারী সংস্থা দ্বারা ব্যবহার করা তথ্য পরীক্ষা ও পর্যালোচনা করার অনুমতি দেবে। কোনো IFSP এর মাধ্যমে পরিষেবা প্রাপ্ত শিশু ও পরিবারগুলির জন্য, স্থানীয় পরিচালিত সংস্থা অযথা বিলম্ব না করে এবং IFSP সংক্রান্ত কোন মিটিংয়ের, অথবা কোনো যথাযথ প্রক্রিয়ায় করা শুনানির পূর্বে, এবং যে-কোন ক্ষেত্রেই অনুরোধের অনধিক 10 দিনের মধ্যে অনুরোধ পালন করবে। কোনো IEP এর মাধ্যমে পরিষেবা প্রাপ্ত শিশুদের জন্য, সরকারী সংস্থা কোন অযথা বিলম্ব না করে এবং IEP সংক্রান্ত কোন মিটিংয়ের, অথবা কোন দেয় প্রক্রিয়া শুনানির পূর্বে এবং সে-কোন ক্ষেত্রেই অনুরোধের অনধিক 45 দিনের মধ্যে অনুরোধ পালন করবে।

এই ধারার অধীনে কোনো পিতামাতার অধিকার রয়েছে শিক্ষাগত নথি পরীক্ষা ও পর্যালোচনা করার, পিতামাতার নিম্নলিখিত অধিকার সহ:

- নথির ব্যাখ্যা ও অনুবাদের জন্য যুক্তিসংগত অনুরোধের পরিপ্রেক্ষিতে সরকারী সংস্থা থেকে উত্তর পাবার অধিকার;
- নথির প্রতিলিপি প্রদান করতে ব্যর্থ হলে তা যদি কার্যকরভাবে নথি পরীক্ষা ও পর্যালোচনা করার অধিকার চর্চা থেকে পিতামাতাদের রোধ করা হয় তাহলে তাঁদের অনুরোধের পরিপ্রেক্ষিতে সরকারী সংস্থা যেন নথির প্রতিলিপি প্রদান করে তা পাবার অধিকার; এবং
- পিতামাতার প্রতিনিধিকে দিয়ে নথি পরীক্ষা ও পর্যালোচনা করতে দেবার অধিকার।

একটি সরকারী সংস্থা অনুমান করতে পারে যে পিতামাতাদের তাদের সন্তান সংক্রান্ত নথি পরীক্ষা ও পর্যালোচনা করার অধিকার আছে যদি না সরকারী সংস্থাকে জানানো হয় যে অভিভাবকত্ব, বিচ্ছেদ, এবং বিবাহবিচ্ছেদের ন্যায় বিষয়ে রাজ্যের প্রযোজ্য আইন অনুসারে পিতামাতার সেই অধিকার নেই।

প্রাপ্তির রেকর্ড:

প্রতিটি সরকারী সংস্থা IDEA এর পার্ট C বা পার্ট B এর অধীনে সংগৃহীত, রক্ষিত, বা ব্যবহৃত শিক্ষার রেকর্ডগুলি পেতে পারেন এমন পিতামাতা ও সরকারী সংস্থার অনুমোদিত কর্মী ছাড়াও বাকি প্রত্যেকের একটি রেকর্ড রাখবে, যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে প্রত্যেকের নাম, প্রাপ্তির তারিখ, এবং রেকর্ড ব্যবহার করার অনুমোদিত ব্যক্তির উদ্দেশ্য। যদি কোন শিক্ষার রেকর্ডের মধ্যে একের অধিক শিশুর তথ্য অন্তর্ভুক্ত হয়, সেই সকল শিশুর পিতামাতাদের অধিকার রয়েছে কেবল তাঁদের শিশুদের তথ্য পরীক্ষা ও পর্যালোচনা করার বা নির্দিষ্ট তথ্য জানার। প্রতিটি সরকারী সংস্থা অনুরোধের ভিত্তিতে পিতামাতাদের সরকারী সংস্থা দ্বারা সংগৃহীত, রক্ষিত, বা ব্যবহৃত শিক্ষার নথির স্থান এবং ধরনের একটি তালিকা প্রদান করবে। প্রতিটি সরকারী সংস্থা পিতামাতার জন্য শিক্ষা নথির একটি প্রতিলিপির জন্য একটি মাসুল ধার্য করতে পারে যদি মাসুলটি সেই রেকর্ডগুলি পরীক্ষা ও পর্যালোচনা করার অধিকার চর্চায় কার্যকরভাবে বাধা না ঘটায়। একটি সরকারী সংস্থা শিক্ষা নথি থেকে তথ্য অনুসন্ধান বা পুনরুদ্ধারের জন্য মাসুল ধার্য নাও করতে পারে।

পিতামাতার অনুরোধে রেকর্ডে সংশোধন:

যদি একজন পিতামাতা বিশ্বাস করেন যে IDEA এর অধীনে সংগৃহীত, রক্ষিত, বা ব্যবহৃত শিক্ষা নথিপত্রগুলি ভুল বা বিভ্রান্তিকর বা ব্যক্তিগত গোপনীয়তা বা শিশুর অন্য অধিকার লঙ্ঘনকারী, তাহলে পিতামাতা সেই তথ্য রক্ষণাবেক্ষণকারী সরকারী সংস্থাকে তথ্য সংশোধন করার অনুরোধ জানাতে পারে। সরকারী সংস্থাটি সিদ্ধান্ত নেবে যে পিতামাতার অনুরোধ অনুসারে তথ্যের সংশোধনীটি অনুরোধ পাবার পর যুক্তিসংগত সময়সীমার মধ্যে করবে কিনা। যদি সরকারী সংস্থা অনুরোধ অনুসারে তথ্য সংশোধনী করতে অস্বীকার করে, তাহলে তাদের অস্বীকৃতির কথা সেই পিতামাতাকে জানাবে এবং শিক্ষার রেকর্ডের তথ্যটিকে শুনানিতে চ্যালেঞ্জ জানানোর অধিকার সম্পর্কে তাঁদেরকে পরামর্শ দেবে। শিক্ষা রেকর্ডের তথ্য চ্যালেঞ্জ করার জন্য একটি শুনানি FERPA এর পদ্ধতিতে পাওয়া 34 C.F.R. §99.22 অনুসারে সম্পন্ন করতে হবে।

অনুরোধ ক্রমে, সরকারী সংস্থা, শিক্ষার রেকর্ডের তথ্য চ্যালেঞ্জ করার জন্য পিতামাতাকে একটি শুনানির সুযোগ প্রদান করবে সেটি ভুল, বিভ্রান্তিকর, বা কোনভাবেই গোপনীয়তা বা শিশুর অন্য অধিকার লঙ্ঘনকারী নয় নিশ্চিত করতে। যদি, শুনানির ফলাফলে সরকারী সংস্থা সিদ্ধান্ত নেয় যে তথ্যটি ভুল বা বিভ্রান্তিকর অথবা গোপনীয়তা বা শিশুর অন্য অধিকার লঙ্ঘনকারী, সরকারী সংস্থা সেই অনুসারে তথ্যটিকে সংশোধন করবে এবং সেই সংশোধনীটি পিতামাতাকে লিখিতভাবে জানাবে। যদি, শুনানির ফলাফলে সরকারী সংস্থা সিদ্ধান্ত নেয় যে তথ্যটি ভুল বা বিভ্রান্তিকর অথবা গোপনীয়তা বা শিশুর অন্য অধিকার লঙ্ঘনকারী নয়, তাহলে এটি পিতামাতাকে তাদের সন্তানের রক্ষণাবেক্ষণের রেকর্ডের মধ্যে একটি বিবৃতি স্থাপন করতে অবহিত করবে, যেখানে তথ্যের উপর মন্তব্যের আকারে বা সরকারী সংস্থার সিদ্ধান্তের সাথে অসম্মতির কোনো কারণ সেখানে জানানো যাবে। আপনার সন্তানের রেকর্ডে স্থাপিত কোন ব্যাখ্যা অবশ্যই:

- সরকারী সংস্থা দ্বারা শিশুর রেকর্ডের অংশ রূপে রক্ষিত হবে যতদিন পর্যন্ত রেকর্ড বা প্রতিদ্বন্দ্বিতা করা অংশ সরকারী সংস্থা দ্বারা রক্ষিত হবে; এবং
- সন্তানের রেকর্ড বা প্রতিদ্বন্দ্বিতা করা অংশের একটি প্রতিলিপির জন্য অনুরোধ করা কোনো পক্ষের কাছে ব্যাখ্যাটি প্রকাশ করা হবে।

তথ্য নষ্ট করার পদ্ধতি:

যখন IDEA এর অধীনে ব্যক্তিগতভাবে শনাক্তকরণযোগ্য সংগৃহীত, রক্ষিত, বা ব্যবহৃত তথ্য শিশুটির প্রারম্ভিক হস্তক্ষেপ বা শিক্ষাগত পরিষেবাগুলিতে আর প্রয়োজন থাকে না, তখন সরকারী সংস্থার পিতামাতাদেরকে সেটা জানানোর প্রয়োজন। তথ্যটি অবশ্যই পিতামাতার অনুরোধে বিনষ্ট করতে হবে। যদিও, শিশুর নাম, ঠিকানা, এবং ফোন নম্বর, শিশুর গ্রেড, উপস্থিতির রেকর্ড, সম্পূর্ণ করা ক্লাস, সম্পূর্ণ করা গ্রেড পর্যায়, এবং সম্পূর্ণ করা বর্ষের স্থায়ী রেকর্ড কোন সময়সীমা ছাড়াই রক্ষা করা যেতে পারে।

সন্তানের অধিকারসমূহ:

FERPA এর জন্য বিধির অধীনে, শিশুর শিক্ষার রেকর্ড সংক্রান্ত পিতামাতার অধিকার শিশুর নিকট হস্তান্তরিত হয় যখন সে 18 বছর বয়সে পৌঁছায়, যদি না রাজ্যের আইন অনুসারে শিশুটির অক্ষমতার জন্য তাকে এর অযোগ্য বলে বিবেচনা করা হয়। IDEA এর পার্ট B এর অধীনে যদি পিতামাতার অধিকারগুলি শিশুর কাছে হস্তান্তরিত হয় যারা সংখ্যাগরিষ্ঠের মতো বয়স প্রাপ্ত হয়েছে, তাহলে শিক্ষাগত রেকর্ড সংক্রান্ত অধিকারগুলিও শিশুর নিকট অবশ্যই প্রেরিত হবে। যদিও, সরকারী সংস্থা পিতামাতা ও সন্তানকে IDEA এর অধীনে প্রয়োজনে অবশ্যই নোটিস প্রদান করবে। আরও নির্দিষ্ট তথ্যের জন্য অনুগ্রহ করে “সংখ্যাগরিষ্ঠের মতো বয়সে পিতামাতার অধিকার প্রেরণ” দেখুন।

শাস্তিদান সংশ্লিষ্ট তথ্য:

একটি সরকারী সংস্থা শিশুর রেকর্ডগুলিতে কোন বর্তমান বা পূর্ব শাস্তিযোগ্য ব্যবস্থা সংক্রান্ত বিবৃতি অন্তর্ভুক্ত করতে পারে, যা শিশুর বিরুদ্ধে নেওয়া হয়েছে এবং শাস্তির তথ্য অপরিবর্তিত ভাবে অ-প্রতিবন্ধী শিশুর রেকর্ডগুলির মধ্যে অন্তর্ভুক্ত করে এবং একত্রে প্রেরিত হয়। বিবৃতিতে শাস্তিমূলক ব্যবস্থার বিবরণ ও শিশুটির কোনো আচরণের বিবরণ যার জন্য শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছিল, এবং শিশুটি ও তার সঙ্গে জড়িত অন্যান্য ব্যক্তি যাদের নিরাপত্তার প্রশ্ন প্রাসঙ্গিক এবং অন্য যে কোন প্রয়োজনীয় তথ্য সেই বিবরণের অন্তর্ভুক্ত থাকতে পারে। যদি শিশুটি এক স্কুল থেকে অন্যত্র স্থানান্তরিত হয়, সন্তানের রেকর্ডে সন্তানের বর্তমান বিদ্যালয়ের কোনো IEP এবং সন্তানের বিরুদ্ধে গৃহীত বর্তমান বা আগের শাস্তিমূলক ব্যবস্থার কোন বিবৃতি উভয় অন্তর্ভুক্ত করা আবশ্যিক।

প্রতিবন্ধী শিশুদের শৃঙ্খলাপরায়ণতা

নীচের তথ্যটি বর্ধিত IFSP বা একটি IEP –র মাধ্যমে পরিষেবা প্রাপ্ত 3 বছর বয়স থেকে 21 বছর বয়স পর্যন্ত প্রতিবন্ধকতা থাকা শিশুদের ক্ষেত্রে প্রযোজ্য।

যদি সরকারী সংস্থা তাঁদের সন্তানের বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা নেয় তাহলে তার বিরুদ্ধে পিতামাতাদের নির্দিষ্ট পদ্ধতি ও সুরক্ষা ব্যবস্থা অনুসরণ করার অধিকার রয়েছে। শিক্ষার্থীদের নিয়ম-শৃঙ্খলা(গুলি) ভঙ্গ করার জন্য কোন শিশুকে একটি বিদ্যালয় বর্ষে 10 দিনের বেশি বহিষ্কারের পরে, কোনো সরকারী সংস্থা অবশ্যই শিশুটিকে শিক্ষাগত পরিষেবাগুলি দেবে।

সংজ্ঞা:

এই অংশের উদ্দেশ্যে, নিম্নলিখিত সংজ্ঞাগুলি প্রযোজ্য:

- নিয়ন্ত্রিত উপাদানের অর্থ মাদক বা অন্য কোন উপাদান যা নিয়ন্ত্রিত উপাদান আইন (21 U.S.C. 812(c)) এর 202(c) অনুচ্ছেদে I, II, III, IV, বা V ধারার অধীনে শনাক্তকৃত।
- বেআইনী মাদকের অর্থ একটি নিয়ন্ত্রিত উপাদান, কিন্তু তাতে এমন কোন উপাদান অন্তর্ভুক্ত থাকে না যা আইনতঃ একটি লাইসেন্সধারী স্বাস্থ্য পরিচর্যা পেশাদারের তত্ত্বাবধানে অধিগত বা ব্যবহৃত হয় অথবা যা

আইনতঃ IDEA এর অধীনে অন্য কোন কর্তৃপক্ষের অধীনে বা যুক্তরাষ্ট্রীয় আইনের অন্য কোন ধারার অধীনে অধিগত বা ব্যবহৃত হয়।

- অস্ত্র শব্দটি মার্কিন যুক্তরাষ্ট্র বিধি, 18 শির্যকে 930 ধারার অনুচ্ছেদ (2) এর অধীনে প্রথম উপধারা (g) তে ব্যবহৃত পরিভাষা “বিপজ্জনক অস্ত্র” এই অর্থে ব্যবহৃত হয়।
- গুরুতর শারীরিক আঘাতের অর্থ এমন একটি শারীরিক আঘাত যাতে মৃত্যুর ঝুঁকি, অসহ্য শারীরিক যন্ত্রণা, দীর্ঘায়িত এবং সুস্পষ্ট বিকৃতি, অথবা একটি শারীরিক অঙ্গ, প্রত্যঙ্গের বৈকল্য বা মানসিক ক্রিয়ায় প্রাপ্ত আঘাত (18 U.S.C. 13645(h)(3))।

বিদ্যালয় কর্মীদের কর্তৃত্ব:

বিদ্যালয় কর্মীরা বিদ্যালয় থেকে নিয়ম-শৃঙ্খলা ভঙ্গকারী একজন প্রতিবন্ধকতা থাকা শিশুকে প্রতিটি উল্লঙ্ঘনের জন্য এককালীন অনধিক 10 দিনের জন্য বহিষ্কার করতে পারে, সকল শিশুদের জন্য প্রযোজ্য শৃঙ্খলা নিয়মানুসারে, যদি না এটি নির্ধারিত হয় যে বহিষ্কারটি বর্তমান শিক্ষাগত অবস্থান থেকে:

- একটি অন্তর্বর্তীকালীন বিকল্প শিক্ষাগত ব্যবস্থা;
- অপর ব্যবস্থা; বা
- স্থগিতাদেশ।

যখন বহিষ্কারটি (এককালীন 10 দিন বা তার কম হয়) সর্বমোট একটি বিদ্যালয় বর্ষে 10 দিনের বেশি হয়, শিশুর IFSP বা IEP টিম আপনার সন্তানকে সাধারণ পাঠ্যক্রমের জন্য সক্ষম করে তুলতে এবং তার IEP লক্ষ্যের দিকে এগিয়ে নিয়ে যেতে বর্ধিত পরিষেবার প্রয়োজনীয়তা নির্ধারণ করতে পারে।

বিদ্যালয় কর্মীবৃন্দ পৃথক পৃথক ঘটনার ভিত্তিতে অনন্য পরিস্থিতিতে বিবেচনা করতে পারেন যে ব্যবস্থার পরিবর্তনটি শৃঙ্খলাভঙ্গকারী প্রতিবন্ধকতা থাকা শিশুটির জন্য উপযুক্ত কিনা। ব্যবস্থার পরিবর্তনটির মধ্যে সংশ্লিষ্ট 10 দিনের বহিষ্কার বা বহিষ্কারের একটি শৃঙ্খলা যা একটি ছক তৈরী করা অন্তর্ভুক্ত। যখন শাস্তিমূলক পদক্ষেপের ফলে ব্যবস্থার পরিবর্তন হয়, সরকারী সংস্থা এই সিদ্ধান্ত গ্রহণের দিনে নোটিস দিতে পারে এবং আবশ্যিকভাবে এর মধ্যে পদ্ধতিগত সুরক্ষা অন্তর্ভুক্ত থাকবে।

ম্যানিফেস্টেশন নির্ণয়:

শৃঙ্খলা ভঙ্গের কারণে ব্যবস্থা পরিবর্তনের কোন সিদ্ধান্তের 10 বিদ্যালয় দিনের মধ্যে, পিতামাতা এবং শিশুর IFSP টিম বা IEP টিম অবশ্যই শিশুর IFSP বা IEP, বা কোন শিক্ষক/শিক্ষিকার পর্যবেক্ষণ সহ শিশুর ফাইলে থাকা সকল প্রাসঙ্গিক তথ্য এবং পিতামাতার দেওয়া কোন প্রাসঙ্গিক তথ্য এটি নির্ধারণ করতে পর্যালোচনা করবে যে, যে আচরণ সম্পর্কে প্রশ্ন উঠেছে সেটি:

- সন্তানের অক্ষমতার সাথে সরাসরি ও মৌলিক সম্পর্ক ছিল কিনা বা সেটির কারণে সঞ্চারিত হয়েছে কিনা; অথবা
- শিশুর IFSP বা IEP প্রয়োগে সরকারী সংস্থার ব্যর্থতার সরাসরি ফল কিনা।

যদি IEP টিম নির্ণয় করে যে উপরের বিবৃতির কোন একটি প্রযোজ্য তাহলে আচরণটি সন্তানের অক্ষমতার প্রকাশ বলে নির্ধারিত হবে।

যদি আচরণটি শিশুর অক্ষমতার প্রকাশ হয়ে থাকে, IFSP টিম বা IEP টিম আবশ্যিকভাবে:

- একটি কার্যকরী আচরণগত মূল্যায়ন সঞ্চালন ও সন্তানের জন্য একটি আচরণগত হস্তক্ষেপ পরিকল্পনা বাস্তবায়ন করবে, যদি সরকারী সংস্থা পূর্বে তা না করে থাকে;
- শিশুর আচরণগত হস্তক্ষেপ পরিকল্পনার পর্যালোচনা করবে, যদি তার ইতিমধ্যেই এই ধরনের পরিকল্পনা থেকে থাকে এবং আচরণের উপর ভিত্তি করে প্রয়োজন অনুসারে সেটাকে পরিবর্তিত করবে; এবং
- যে ব্যবস্থা থেকে শিশুটিকে সরানো হয়েছিল সেখানেই ফিরিয়ে দেবে, যদি না পিতামাতা এবং সরকারী সংস্থা শিশুর ব্যবহারগত হস্তক্ষেপের পরিকল্পনা পরিবর্তনের অংশ হিসাবে তাকে অন্য ব্যবস্থায় পরিবর্তন করতে রাজি হন, যদি না শিশুটি অন্তর্বর্তী বিকল্প শিক্ষাগত ব্যবস্থায় অপসারিত হয়ে থাকে মাদক, অস্ত্র বা গুরুতর শারীরিক আঘাতের কারণে।

যদি আচরণটি সন্তানের অক্ষমতার প্রকাশ না হয়, স্কুল কর্মীবৃন্দ অন্যান্য শিশুদের মত একই পদ্ধতিতে শাস্তি প্রদান করতে পারে, কিন্তু উপযুক্ত শিক্ষাগত পরিষেবা অবশ্যই বজায় রাখতে হবে।

প্লেসমেন্ট পরিবর্তন:

যখন কোন শিশুকে 10 দিনের বেশি বহিষ্কার করার ফলে প্লেসমেন্টের পরিবর্তন হয়, আচরণটি যখন অক্ষমতার জন্য হতেও পারে আবার নাও, অথবা আচরণটি অক্ষমতার প্রকাশ নয়, বা যখন শিশুটি মাদক, অস্ত্র বা গুরুতর শারীরিক আঘাতের জন্য অন্তর্বর্তী বিকল্প শিক্ষাগত সেটিং (IAES)-এ অপসারিত হয়, তখনও শিশুটি তার সাধারণ শিক্ষা পাঠ্যক্রমে অংশগ্রহণ চালিয়ে যেতে এবং তার IEP তে লক্ষ্য পূরণের দিকে এগিয়ে যেতে পরিষেবা পাবে, যদিও তা অন্য ব্যবস্থায়। শিশুটি আবশ্যিকভাবে একটি উপযুক্ত, কার্যকর আচরণগত মূল্যায়ন এবং আচরণগত হস্তক্ষেপের পরিষেবা পাবে, এবং তার সংশোধনীটি আচরণ উল্লঙ্ঘনের উপরে ভিত্তি করে এমনভাবে ডিজাইন করা হবে যাতে সেটি আর পুনর্বার না ঘটে। IEP টিমাটি উপযুক্ত পরিষেবা এবং পরিষেবা প্রদান করার স্থানটি নির্ণয় করবে।

অন্তর্বর্তী বিকল্প শিক্ষাগত বিন্যাস:

বিদ্যালয়ের কর্মীবৃন্দ কোন শিশুকে শিশুর আচরণটি তার প্রতিবন্ধকতার প্রকাশের কারণে হয়েছে কিনা বিচার না করেই 45 দিন পর্যন্ত অন্তর্বর্তীকালীন বিকল্প শিক্ষাগত ব্যবস্থায় অপসারিত করতে পারে, যদি শিশুটি:

- বিদ্যালয়ের দিকে, বিদ্যালয়ের এলাকায়, বা রাজ্য বা স্থানীয় সরকারী সংস্থার অধীনস্থ বিদ্যালয়ের অনুরূপে অস্ত্র বহন করে বা রাখে;
- বিদ্যালয়ে, বিদ্যালয়ের এলাকায়, বা রাজ্য বা স্থানীয় সরকারী সংস্থার অধীনস্থ বিদ্যালয়ের অনুরূপে থাকাকালীন জ্ঞানতঃ বেআইনী মাদক রাখে, বা ব্যবহার করে, বা নিয়ন্ত্রিত উপাদান বিক্রি করে, বা বিক্রির সুপারিশ করে; অথবা
- বিদ্যালয়ে, বিদ্যালয়ের এলাকায়, বা রাজ্য বা স্থানীয় সরকারী সংস্থার অধীনস্থ বিদ্যালয়ের অনুরূপে অপর ব্যক্তি উপর গুরুতর শারীরিক আঘাত সঞ্চিত করে।

শাস্তিমূলক ব্যবস্থার জন্য আবেদন:

যদি পিতামাতা নির্ণীত মেনিফেস্টেশন সংক্রান্ত একটি সিদ্ধান্ত বা শাস্তিমূলক কারণে প্লেসমেন্ট সংক্রান্ত কোনো সিদ্ধান্তের সাথে একমত না হন, পিতামাতা প্রশাসনিক শুনানির অফিস (OAH) এবং সরকারী সংস্থার সঙ্গে যথাযথ প্রক্রিয়ার অভিযোগ দায়ের করতে পারেন। যদি সরকারী সংস্থা বিশ্বাস করে যে শিশুটি বর্তমান ব্যবস্থা বজায় রাখলে অন্যদের আঘাতের যথেষ্ট সম্ভাবনা রয়েছে, তাহলে সরকারী সংস্থা OAH এবং অভিভাবকদের সঙ্গে যথাযথ প্রক্রিয়ার অভিযোগ দায়ের করতে পারে।

একটি প্রশাসনিক আইনী বিচারক (ALJ), এই নথির "মতানৈক্যের নিষ্পত্তি" বিভাগে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে যথাযথ প্রক্রিয়ার শুনানির সঞ্চালন করবেন। শুনানির যথাযথ প্রক্রিয়ার অভিযোগ দায়ের করার 20 স্কুল দিনের মধ্যে সঞ্চালিত হবে, এবং শুনানির পর 10 স্কুল দিনের মধ্যে একটি ফলাফল ঘোষণা করবে।

কোনো শাস্তিমূলক আপিলের ক্ষেত্রে কোনো সংকল্প নির্ধারণের সময়, ALJ চাইলে:

- শিশুকে সেই ব্যবস্থায় ফিরিয়ে দিতে পারে যেখান থেকে তাকে অপসারিত করা হয়েছিল; অথবা
- অনধিক 45 স্কুল দিনের জন্য শিশুটিকে একটি উপযুক্ত অন্তর্বর্তীকালীন বিকল্প শিক্ষাগত ব্যবস্থায় পরিবর্তনের আদেশে পরিবর্তন ঘটাতে পারেন যদি ALJ শিশুটির বর্তমান প্লেসমেন্ট বজায় রাখলে অন্য শিশুদের এবং অন্যদের আঘাতের যথেষ্ট সম্ভাবনা নেই বলে নির্ধারণ করেন।

যখন একটি যথাযথ প্রক্রিয়ার অভিযোগে পিতামাতা বা পাবলিক সংস্থা উভয় দ্বারা অনুরোধ করা হয়, ALJ এর মূলতুবি সিদ্ধান্তকালে বা প্রদত্ত সময়সীমা উত্তীর্ণ না হওয়া পর্যন্ত (45 বিদ্যালয় দিনের অনধিক) শিশুটি অন্তর্বর্তীকালীন বিকল্প শিক্ষাগত ব্যবস্থায় থাকবে, যেটি আগে হবে, যদি না পিতামাতা এবং সরকারী সংস্থা উভয়েই অন্যভাবে সম্মত হয়।

শিশুটি এখনও যোগ্য বিবেচিত হয়নি:

যেসব শিশুরা বিশেষ শিক্ষা পাবার জন্য যোগ্য বলে নির্ধারিত হয়নি এবং যারা এমন কোনো আচরণ করেছে যার জন্য কোনো বিধি বা নিয়ম লঙ্ঘন হয়েছে তাঁরা এমন একটি সুরক্ষা কোন দাবি করতে পারে যদি শিশুটির সেই আচরণটি উদ্ভূত হবার আগে থেকেই সরকারী সংস্থার জানা থাকে যে শিশুটির প্রতিবন্ধকতা রয়েছে। আচরণের কারণে শাস্তিমূলক ব্যবস্থা নেবার পূর্বে যদি সরকারী সংস্থার জানা থাকে:

- পিতামাতা তাদের সন্তানের বিশেষ শিক্ষা ও এই সংক্রান্ত পরিষেবা, তত্ত্বাবধান করার প্রয়োজন জানিয়ে লিখিত ভাবে, সরকারী সংস্থার প্রশাসনিক কর্মীদের, অথবা শিশুর একজন শিক্ষককে উদ্বেগ জানিয়ে থাকেন;
- পিতামাতা মূল্যায়নের জন্য অনুরোধ জানিয়ে থাকেন; অথবা
- সন্তানের শিক্ষক বা অন্যান্য স্কুলের কর্মচারীবৃন্দ শিশুর দ্বারা প্রদর্শিত আচরণের একটি প্যাটার্ন সম্পর্কে সরাসরি বিশেষ শিক্ষার ডিরেক্টরের নিকট বা সরকারী সংস্থার অন্য তত্ত্বাবধায়ক কর্মীবৃন্দের নির্দিষ্ট উদ্বেগ প্রকাশ করে থাকেন।

সরকারী সংস্থার এই বিষয়ে জ্ঞান ছিল বলে বিবেচিত হবে না যদি:

- পিতামাতা সরকারী সংস্থাকে তাঁদের সন্তানের মূল্যায়ন করতে অনুমতি না দিয়ে থাকে;
- পিতামাতা সরকারী সংস্থাকে তাঁদের সন্তানের জন্য বিশেষ শিক্ষা পরিষেবা দেওয়ার অনুমোদন প্রত্যাখ্যান করে থাকেন; অথবা
- শিশুটি মূল্যায়িত হয়েছে এবং এটা নির্ধারিত হয়েছে যে সে IDEA এর অধীনে বিচার্য প্রতিবন্ধকতা থাকা শিশু নয়।

যদি সরকারী সংস্থার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের আগে শিশুটির প্রতিবন্ধকতা রয়েছে কিনা সেই সম্পর্কে জানা না থাকে, তাহলে একই আচরণের জন্য প্রতিবন্ধকতা না থাকা অন্য শিশুর জন্য শাস্তির অনুরূপ তারও শাস্তি হতে পারে।

যদি কোনো পিতামাতা তাঁদের সন্তানের শাস্তিমূলক ব্যবস্থা চলাকালীন মূল্যায়নের জন্য অনুরোধ জানায়, মূল্যায়ন অবশ্যই চালাতে হবে। ফলাফলের জন্য অপেক্ষারত অবস্থায়, শিশুটি বিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত শিক্ষাগত স্থানে থাকবে। যদি, সরকারী সংস্থার মূল্যায়ন এবং পিতামাতার দ্বারা প্রদত্ত তথ্য অনুযায়ী নির্ধারিত হয় যে শিশুটির

অক্ষমতা রয়েছে, সরকারী সংস্থাকে অক্ষমতা থাকা শিশুর জন্য বিশেষ শিক্ষা এবং এই সংক্রান্ত পরিষেবাগুলি প্রদান করবে এবং শিশুদের শৃঙ্খলার প্রশ্নে সকল পদ্ধতিগত সুরক্ষা নেবে।

আইন প্রয়োগ এবং বিচার-বিভাগীয় কর্তৃপক্ষ দ্বারা নেওয়া পদক্ষেপ ও সুপারিশ:

IDEA সরকারী সংস্থাকে অপরাধ সম্পর্কে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট রিপোর্ট করতে, এবং আইনী প্রয়োগে বাধাদান করে না। প্রতিবন্ধকতা থাকা শিশুর দ্বারা কৃত অপরাধের জন্য বিচারবিভাগীয় কর্তৃপক্ষ যুক্তরাষ্ট্রীয় এবং রাজ্য আইন প্রয়োগে তাঁদের দায়িত্বপালন করতে পারে। কোন সংস্থা অপরাধের রিপোর্ট করতে হলে কোনো শিশুর বিশেষ শিক্ষা ও শাস্তিমূলক রেকর্ডগুলির একটি প্রতিলিপি, পিতামাতার সম্মতি সহ, বা পলিসিতে নির্দিষ্ট ব্যতিক্রম অনুসারে ছাত্র-ছাত্রীদের রেকর্ড, কোন COMAR 13A.08.02 দ্বারা অনুমোদিত উপযুক্ত কর্তৃপক্ষের নিকট প্রদান করবে।

অভিভাবকদের একতরফা সিদ্ধান্তে সরকারী ব্যয়ে বেসরকারী বিদ্যালয়ে শিশুদের প্লেসমেন্ট

IDEA –তে, প্রারম্ভিক মধ্যস্থতা বা বিশেষ শিক্ষা এবং এই সংক্রান্ত পরিষেবা সহ একটি প্রতিবন্ধকতা থাকা শিশুর বেসরকারী স্কুলের খরচ বহন করার আবশ্যিকতা নেই, যদি সরকারী সংস্থা একটি বিনা মূল্যে যথাযথ জনশিক্ষা (FAPE) প্রদান করে এবং পিতামাতা তাঁদের সন্তানকে একটি বেসরকারী স্কুলে ভর্তি করতে মনস্থ করেন।

IDEA –তে প্রারম্ভিক মধ্যস্থতা বা বিশেষ শিক্ষা এবং এই সংক্রান্ত পরিষেবা সহ একটি প্রতিবন্ধকতা থাকা শিশুর বেসরকারী স্কুলের খরচ বহন করার আবশ্যিকতা নেই, যদি সরকারী সংস্থা একটি বিনা মূল্যে যথাযথ জনশিক্ষা (FAPE) প্রদান করলেও পিতামাতা তাঁদের সন্তানকে একটি বেসরকারী স্কুলে ভর্তি করতে মনস্থ করেন। যদিও, যুক্তরাষ্ট্রীয় বিধি অনুসারে, সরকারী সংস্থা পিতামাতার দ্বারা ভর্তি করানো বেসরকারী স্কুলের শিশু সংখ্যার মধ্যে শিশুটিকে অন্তর্ভুক্ত করবে। FAPE প্রাপ্যতা এবং আর্থিক দায়িত্ব বিষয়ে সরকারী সংস্থা ও পিতামাতাদের মধ্যে অনৈক্যটি IDEA–র অধীনে যথাযথ প্রক্রিয়ায় অভিযোগ পদ্ধতির সাপেক্ষ। অনুগ্রহ করে আরও সুনির্দিষ্ট তথ্যের জন্য “মতানৈক্যের নিষ্পত্তি” দেখুন।

যদি প্রতিবন্ধি শিশুটি পূর্বে একটি সরকারী সংস্থার কর্তৃপক্ষের অধীনে বিশেষ শিক্ষা এবং এই সংক্রান্ত পরিষেবা প্রাপ্ত করে থাকে, এবং পিতামাতা তাঁদের সন্তানকে সরকারী সংস্থার সম্মতি বা সুপারিশ ছাড়া একটি বেসরকারী প্রিস্কুল, প্রাথমিক, বা সেকেন্ডারি স্কুলে ভর্তি করে থাকেন, একটি ALJ বা একটি আদালত সরকারী সংস্থাকে ভর্তি করানোর খরচ মেটাতে আদেশ দিতে পারে যদি একটি ALJ বা একটি আদালত খুঁজে পায় যে সরকারী সংস্থা শিশুটিকে সেই স্কুলে ভর্তির পূর্বে সঠিক সময়ে FAPE প্রদান করে নি, এবং তাই বেসরকারী স্কুলে ভর্তি করানো যথাযথ হয়েছে। একটি ALJ বা একটি আদালত অভিভাবকের ভর্তিটি উপযুক্ত মনে করতে পারে এমন কি যদি সেটি রাজ্য মান অনুসারে না হয়, যা সরকারী সংস্থার দ্বারা প্রদত্ত শিক্ষায় প্রযোজ্য।

ক্ষতিপূরণের সীমা:

ক্ষতিপূরণটি একটি ALJ বা একটি আদালত দ্বারা কমানো বা অস্বীকৃত হতে পারে যদি:

- সরকারী স্কুল থেকে তাঁদের সন্তানকে সরিয়ে নিয়ে যাবার পূর্বে সাম্প্রতিকতম IEP টিম বৈঠকে উপস্থিত থেকে পিতামাতা IEP টিমকে FAPE প্রদান করতে তাঁদের সরকারী সংস্থার প্রস্তাবিত জায়গায় ভর্তি করতে অস্বীকৃতি সহ তাঁদের উদ্বিগ্ন প্রকাশ এবং, সরকারী ব্যয়ে একটি বেসরকারী স্কুলে তাঁদের সন্তানের নথিভুক্তিতে তাঁদের অভিপ্রায় অবগত করেননি; অথবা
- একটি সরকারী স্কুল থেকে পিতামাতার তাঁদের সন্তানকে সরিয়ে নিয়ে যাবার পূর্বে কমপক্ষে দশ (10) কার্যদিবস (যে কোন কর্মদিবস যা একটি ছুটির দিন রূপে উদ্ভূত সহ), পিতামাতা সরকারী সংস্থাকে সন্তানের

সরকারী প্লেসমেন্ট সম্পর্কে তাঁদের উদ্বেগ সহ তাঁদের সন্তানের অপসারণের অভিপ্রায়ে লিখিত নোটিস প্রদান করেন নি; অথবা

- যদি সরকারী স্কুল থেকে পিতামাতাদের তাঁদের সন্তানকে সরানোর পূর্বে, সরকারী সংস্থা পিতামাতাদের পূর্ব লিখিত নোটিসের আবশ্যিকতার মাধ্যমে তাঁদের মূল্যায়নের অভিপ্রায় জানিয়েছিল (মূল্যায়নের উদ্দেশ্যে যথাযথ ও যুক্তিসঙ্গত একটি বিবৃতি সহ), কিন্তু পিতামাতারা তাঁদের সন্তানদের মূল্যায়নের জন্য উপলব্ধ করান নি; অথবা
- পিতামাতাদের পদক্ষেপটি বিচারে অযৌক্তিক সাব্যস্ত হলে।

উপরে বর্ণিত বিজ্ঞপ্তি প্রয়োজনীয়তা সত্ত্বেও, ক্ষতিপূরণের খরচ:

- এই ধরনের নোটিস প্রদানে পিতামাতাদের ব্যর্থতায় জন্য হ্রাস বা অস্বীকার করা যাবে না, যদি:
 - সরকারী সংস্থা নোটিস প্রদানে পিতামাতাদের বিরত করে থাকে,
 - পিতামাতা উপরে বর্ণিত IDEA নোটিসের আবশ্যিকতার অধীনে লিখিত নোটিস প্রাপ্ত করেননি,
 - নোটিসের আবশ্যিকতা পূরণের ফলে শিশুর শারীরিক ক্ষতি হবে, এবং
- এই ধরনের নোটিস প্রদানের ব্যর্থতায় আদালত বা কোনো ALJ-র বিচারে হ্রাস বা অস্বীকার না করা হতে পারে যদি:
 - পিতামাতারা শিক্ষিত না হন এবং ইংরাজী লিখতে না পারেন, অথবা
 - উপরে বর্ণিত নোটিসের সাথে সামঞ্জস্য রাখলে শিশুর মারাত্মক মানসিক আঘাত লাগতে পারে।

প্রাপ্ত বয়সে পিতামাতার অধিকার হস্তান্তর

মেরিল্যান্ডে, প্রতিবন্ধকতা থাকা শিশুদের প্রাপ্ত বয়সে পৌঁছালে, সীমিত পরিস্থিতি ছাড়া অভিভাবকের অধিকার হস্তান্তর করা হয় না।

মেরিল্যান্ড আইন অনুযায়ী, নির্দিষ্ট সীমিত পরিস্থিতিতে, IDEA-র অধীনে ন্যস্ত অভিভাবকের সকল অধিকার প্রতিবন্ধকতা থাকা শিশুকে হস্তান্তর করা হবে। শিশু 18 বছর বয়সে পৌঁছালে হস্তান্তর করা হয়, যদি না শিশুটি রাজ্য আইনে অনুপযোগ্য সাব্যস্ত হয় এবং নথিপত্র রয়েছে যে:

- পিতামাতারা অনুপলব্ধ বা অজানা, এবং সন্তানের অনুরোধক্রমে সন্তানের নিকট স্থানান্তর করার বদলে একটি সারোগেট অভিভাবক নিযুক্ত হয়েছে;
- বিগত বছর ধরে সরকারী সংস্থার পিতামাতাকে নিয়োজিত করার বারংবার প্রয়াস সত্ত্বেও পিতামাতা সন্তানের জন্য বিশেষ শিক্ষার জন্য সিদ্ধান্ত গ্রহণ বৈঠকে অংশগ্রহণ করেননি;
- পিতামাতা বিশেষ শিক্ষার জন্য সিদ্ধান্ত গ্রহণ বৈঠকে অংশগ্রহণ সত্ত্বেও প্রত্যাখ্যান করেছেন;
- দীর্ঘদিন যাবত হাসপাতালে ভর্তি, প্রতিষ্ঠানে ভর্তি রয়েছেন, বা পিতামাতার কোন একজন বা উভয়েই জরাগ্রস্ত হওয়ার কারণে পিতামাতা বিশেষ শিক্ষার জন্য সিদ্ধান্ত গ্রহণ বৈঠকে গুরুতর অসুস্থ থাকায় অংশগ্রহণ করতে পারেননি এবং পিতামাতা শিশুকে অধিকার হস্তান্তর করতে সম্মতি দিয়েছেন;
- নিয়ন্ত্রণ বহির্ভূত অসাধারণ পরিস্থিতিতে পিতামাতা বিশেষ শিক্ষার জন্য সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারেননি, এবং শিশুকে অধিকার হস্তান্তর করতে সম্মতি দিয়েছেন; অথবা
- শিশুটি পিতামাতার বাড়ির বাইরে বসবাস করে এবং অপর সরকারী সংস্থার তত্ত্বাবধান বা হেফাজতে নয়।

যদি কোনো প্রতিবন্ধী সন্তানের পিতামাতা, যার সাথে শিশুটি বসবাস করে, শিশুটির 18 বছর বয়সে সন্তানের নিকট অধিকার হস্তান্তর করতে পিতামাতা সম্মতি দেননি, এবং শিশুটি রাজ্য আইনে অনুপযোগ্য বলে সাব্যস্ত না হয়, যে কোন পক্ষ অধিকার স্থানান্তরিত হবে কিনা নির্ণয় করতে একটি যথাযোগ্য প্রক্রিয়ায় অভিযোগ দাখিল করতে পারে।

যদি কোনো প্রতিবন্ধী শিশুকে যুক্তরাষ্ট্রীয় এবং রাজ্য আইন ও বিধি অনুসারে একজন সারোগেট পিতামাতার দ্বারা প্রতিনিধিত্ব করা হয়ে থাকে, সরকারী সংস্থা যুক্তরাষ্ট্রীয় এবং রাজ্য আইন ও বিধির অধীনে আবশ্যিকতা অনুসারে যে কোন লিখিত নোটিস শিশু ও সারোগেট পিতামাতা উভয়কেই প্রদান করবে। IDEA-র অধীনে সারোগেট পিতামাতার ভোগ করা অন্যান্য সকল অধিকার শিশুকে হস্তান্তর করবে যদি না শিশুটি রাজ্য আইনে অনুপযোগ্য সাব্যস্ত হয় এবং শিশুটি অধিকারটি হস্তান্তর করার অনুরোধ করে থাকে।

মতানৈক্যের নিষ্পত্তি

নিম্নলিখিত পদ্ধতিগুলি একটি শিশুর প্রারম্ভিক হস্তক্ষেপ বা বিশেষ শিক্ষা এবং এই সংক্রান্ত পরিষেবাগুলি সম্পর্কে মতানৈক্য নিষ্পত্তির জন্য পিতামাতা ও সরকারী সংস্থার নিকট উপলব্ধ প্রক্রিয়াগুলি বর্ণনা করে। এইসকল বিকল্পগুলির মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে মধ্যস্থতা, রাজ্য অভিযোগ, এবং যথাযথ প্রক্রিয়ায় অভিযোগ দায়ের করা।

মধ্যস্থতা:

মধ্যস্থতা হল পিতামাতার অসমর্থ সন্তানের সাথে শিশুর শিক্ষার জন্য দায়িত্বে থাকা সরকারী সংস্থার মধ্যে মতানৈক্য নিষ্পত্তির একটি প্রক্রিয়া।

যদি কোন IEP দলের সভা চলাকালীন কোন পিতামাতা শিশুর IEP অথবা শিশুকে প্রদত্ত বিশেষ শিক্ষা পরিষেবার বিষয়ে সহমত না হন, IEP দল পিতামাতাকে সরল ভাষায়:

- পিতামাতার মধ্যস্থতার অনুরোধ করার অধিকার সম্পর্কে একটি মৌখিক ও লিখিত ব্যাখ্যা;
- মধ্যস্থতার প্রক্রিয়া সম্পর্কে আরও জানার জন্য পিতামাতা ব্যবহার করতে পারেন এমন টেলিফোন নম্বর সহ যোগাযোগের তথ্য; এবং
- ঐ এলাকায় প্রাপ্ত জনকল্যাণমূলক প্রতিনিধিত্ব ও অন্যান্য বিনামূল্যের বা নিম্ন-মূল্যের আইনি ও সংশ্লিষ্ট পরিষেবা সম্পর্কে তথ্য প্রদান করবেন।

পিতামাতারা মধ্যস্থতা সম্পর্কিত তথ্য পিতামাতার মাতৃভাষায় অনুবাদের জন্য অনুরোধ করতে পারেন। পিতামাতা কর্তৃক কথিত মাতৃভাষা যদি স্থানীয় স্কুল ব্যবস্থার শিক্ষার্থী সংখ্যার 1 শতাংশের বেশি হয়, অনুরোধের পর 30 দিনের মধ্যে IEP দল পিতামাতাকে অনূদিত নথি প্রদান করবেন।

প্রশাসনিক শুনানির কার্যালয়ের (OAH) কোন কর্মী যিনি কার্যকরী মধ্যস্থতা সঞ্চালনের কৌশলগুলির জন্য যোগ্য এবং প্রশিক্ষিত, তিনি মধ্যস্থতা করতে পারেন। OAH দ্বারা নির্বাচিত কোন ব্যক্তির ব্যক্তিগত বা পেশাগত আগ্রহের দ্বন্দ্ব থাকবে না।

- মধ্যস্থতার জন্য পিতামাতার সাথে সাক্ষাতের খরচ সহ মধ্যস্থতার জন্য পিতামাতা বা শিশুর প্রারম্ভিক হস্তক্ষেপ বা শিক্ষার জন্য দায়িত্বে থাকা সরকারী সংস্থার জন্য কোন খরচ নেই।
- শিশুর প্রারম্ভিক হস্তক্ষেপ বা শিক্ষার জন্য দায়িত্বে থাকা সরকারী সংস্থা এবং OAH মধ্যস্থতার অনুরোধ করে। মধ্যস্থতার জন্য একটি অনুরোধ ফাইল করতে মধ্যস্থতা ফর্ম সরকারী সংস্থা এবং MSDE ওয়েবসাইট www.marylandpublicschools.org -তে উপলব্ধ রয়েছে। আরও সহায়তার জন্য, সরকারী সংস্থার বিশেষ শিক্ষা কার্যালয় বা MSDE, বিশেষ শিক্ষা/প্রারম্ভিক হস্তক্ষেপ পরিষেবা বিভাগের সাথে 410-767-7770 নম্বরে যোগাযোগ করুন।
- মধ্যস্থতা চলাকালীন কাউন্সেল পিতামাতা বা সরকারী সংস্থার অনুমতি হতে পারে বা পরামর্শদান করতে পারে।

- একটি মধ্যস্থতা অধিবেশন সাধারণত লিখিত অনুরোধ পাবার 20 দিনের মধ্যে পিতামাতা এবং সরকারী সংস্থার সুবিধাজনক অবস্থানে আয়োজিত হবে।
- মধ্যস্থতা অধিবেশনটি বন্ধ বিচারকার্য। মধ্যস্থতা চলাকালীন আলোচনাগুলি অবশ্যই গোপনীয় এবং পরবর্তী কোনো কারণে যথাযথ প্রক্রিয়ার শুনানিতে বা দেওয়ানি কার্যপ্রণালীর প্রমাণ হিসেবে ব্যবহার করা যাবে না। মধ্যস্থতা করার পূর্বে পিতামাতা বা সরকারী সংস্থাকে একটি গোপনীয়তা অঙ্গীকারে সাক্ষর করতে বলা হতে পারে।
- মধ্যস্থতাতে উভয় পক্ষের দ্বারা পৌঁছানো একটি চুক্তি অবশ্যই একটি লিখিত চুক্তিতে স্থিরকৃত হবে যা যে কোন রাজ্য আদালত বা যুক্তরাষ্ট্রীয় জেলা আদালতে প্রয়োগযোগ্য যার এই ধরনের মামলা শোনার অধিকার রয়েছে।
- একটি সরকারী সংস্থা পিতামাতার যথাযথ প্রক্রিয়ায় অভিযোগের উপর শুনানিতে পিতামাতার অধিকারকে অঙ্গীকার ও বিলম্বিত করতে মধ্যস্থতা ব্যবহার নাও করতে পারে

মধ্যস্থতায় উৎসাহদানে বৈঠক:

একটি সরকারী সংস্থা সেই পিতামাতাদের যাঁরা মধ্যস্থতা প্রক্রিয়া না ব্যবহার করতে মনস্থ করেছেন তাঁদের মধ্যস্থতার সুবিধা ব্যাখ্যা করতে এবং পিতামাতাদের প্রক্রিয়াটিতে উৎসাহ দিতে পিতামাতাদের সুবিধাজনক স্থান ও সময়ে একটি বৈঠকের ব্যবস্থা করতে পারে।

কোনো রাজ্য অভিযোগ এবং যথাযথ প্রক্রিয়ায় করা অভিযোগের মধ্যে

পার্থক্য:

মধ্যস্থতার সাথে, পিতামাতাদের অধিকার রয়েছে সরকারী সংস্থার সাথে মতানৈক্য নিষ্পত্তি করতে রাজ্য অভিযোগ প্রক্রিয়া বা যথাযথ প্রক্রিয়া অভিযোগ ব্যবহারের। এই সকল বিকল্পগুলির বিভিন্ন নিয়ম এবং পদ্ধতি আছে।

IDEA বিধিতে রাজ্য অভিযোগ এবং যথাযথ প্রক্রিয়ায় অভিযোগগুলির জন্য পৃথক পৃথক পদ্ধতি রয়েছে। নিম্নে বর্ণিত রূপে, কোন ব্যক্তি বা সংস্থা একটি সরকারী সংস্থার দ্বারা কোন IDEA আবশ্যিকতা উলঙ্ঘনের জন্য একটি রাজ্য অভিযোগ দায়ের করতে পারে। কেবলমাত্র একজন পিতামাতা বা একটি সরকারী সংস্থাই কোন অসমর্থ শিশুর শনাক্তকরণ, মূল্যায়ন, প্রারম্ভিক হস্তক্ষেপ পরিষেবা বা শিক্ষাগত প্লেসমেন্ট, অথবা শিশুকে বিনামূল্যে যথাযথ জনশিক্ষা (FAPE) সংক্রান্ত একটি যথাযথ অভিযোগ দায়ের করতে পারে।

MSDE কর্মচারীদের সাধারণত আবশ্যিকভাবে একটি রাজ্য অভিযোগ 60 ক্যালেন্ডার দিনের মধ্যে নিষ্পত্তি করতে হবে যদি না সময়সীমা যথাযথভাবে বর্ধিত হয়ে থাকে। কোনো ALJ অবশ্যই একটি যথাযথ প্রক্রিয়ার অভিযোগ (যদি না বৈঠক বা মধ্যস্থতার মধ্যে একটি নিষ্পত্তি হয়ে থাকে) শুনবে এবং সিদ্ধান্ত সময়সীমার শেষে একটি লিখিত সিদ্ধান্ত 45 ক্যালেন্ডার দিনের মধ্যে জারি করবে যদি না ALJ পিতামাতা বা সরকারী সংস্থার অনুরোধে একটি নির্দিষ্ট সময়সীমা বৃদ্ধি মঞ্জুর করে থাকে।

এই সকল বিকল্পগুলির একটি রূপরেখা পাবার এবং তুলনার জন্য, এই নথির সংযোজনীটি দেখুন।

রাজ্য অভিযোগ:

ব্যক্তি ও প্রতিষ্ঠানের মেরিল্যান্ড রাজ্য শিক্ষা বিভাগে (MSDE) একটি রাজ্য অভিযোগ দায়ের করার অধিকার আছে। রাজ্যের একটি তদন্ত চালানোর জন্য লিখিত অভিযোগটিকে অবশ্যই IDEA নিয়মানুসারে আবশ্যিক নির্দিষ্ট শর্ত পূরণ করতে হবে।

যদি কোন ব্যক্তি বা একটি প্রতিষ্ঠান বিশ্বাস করে যে কোন সরকারী সংস্থা একটি প্রারম্ভিক হস্তক্ষেপ বা বিশেষ শিক্ষা প্রয়োজনীয়তা বিষয়ে একটি যুক্তরাষ্ট্রীয় বা রাজ্যের আইন বা প্রবিধান লঙ্ঘন করেছে, অথবা সরকারী সংস্থাটি একটি যথাযথ প্রক্রিয়ায় শুনানির সিদ্ধান্ত প্রয়োগ করেনি, তাহলে একটি রাজ্য অভিযোগ দায়ের করা যেতে পারে। অভিযোগটি অবশ্যই MSDE-তে দায়ের হতে হবে এবং সহকারী রাজ্য সুপারিনটেনডেন্ট, বিশেষ শিক্ষা বিভাগ/প্রারম্ভিক হস্তক্ষেপ সেবা, MSDE, 200 পশ্চিম বাল্টিমোর স্ট্রিট, বাল্টিমোর, মেরিল্যান্ড 21201 এর উদ্দেশ্যে হতে হবে। ব্যক্তি বা সংস্থার MSDE তে দায়ের করা রাজ্য অভিযোগটির একটি প্রতিলিপি অবশ্যই একই সময়ে সরকারী সংস্থাতেও প্রেরণ করতে হবে। অভিযোগ দায়ের করতে সহায়তা করতে বিশদ পদ্ধতি ও একটি ফর্ম MSDE-র www.marylandpublicschools.org ওয়েবসাইটে উপলব্ধ রয়েছে, অথবা ডিভিশনস কমপ্লেন্ট ইনভেস্টিগেশন এবং ডিউ প্রসেস ব্রাঞ্চে 410-767-7770 নম্বরে ফোন করে পাওয়া যায়।

রাজ্য অভিযোগটির মধ্যে অবশ্যই অন্তর্ভুক্ত থাকবে:

- একটি বিবৃতি যে সরকারী সংস্থাটি যুক্তরাষ্ট্রীয় বা রাজ্য আইন বা বিধির একটা শর্ত লঙ্ঘন করেছে;
- ঘটনাসমূহ যার ভিত্তিতে বিবৃতিটি তৈরী;
- রাজ্য অভিযোগ করা ব্যক্তি/সংস্থার যোগাযোগ তথ্য ও স্বাক্ষর; এবং
- যদি রাজ্য অভিযোগটি একটি নির্দিষ্ট শিশুর সম্পর্কে লঙ্ঘনের অভিযোগ হয়:
 - শিশুর নাম ও বাসস্থানের ঠিকানা;
 - যে স্কুলে পড়াশুনো করে তার নাম;
 - গৃহহীন শিশু বা যুবাব ক্ষেত্রে, শিশুর উপলব্ধ যোগাযোগের তথ্য, এবং যেখানে পড়াশুনো করে সেই স্কুলের নাম;
 - সমস্যা সম্পর্কিত তথ্য সহ শিশুর সমস্যার প্রকৃতির একটি বিবরণ; এবং
 - রাজ্য অভিযোগ দায়ের করার সময় পক্ষটির নিকট উপলব্ধ ও জানা সমস্যার একটি প্রস্তাবিত সমাধা।

একটি রাজ্য অভিযোগ অবশ্যই রাজ্যের পাওয়া অভিযোগের থেকে এক বছরের বেশি আগের উলঙ্ঘনের ঘটনা হবে না। রাজ্য অভিযোগ পাবার 60 ক্যালেন্ডার দিনের মধ্যে MSDE তাদের অনুসন্ধানের ফলাফল জারি করবে, এবং 60 দিনের সময়সীমা বর্ধিত হতে পারে যদি:

- একটি বিশেষ অভিযোগ সংক্রান্তে ব্যতিক্রমধর্মী পরিস্থিতি তৈরী হয়; অথবা
- পিতামাতা এবং সংশ্লিষ্ট সরকারী সংস্থা মধ্যস্থতা বা বিকল্পভাবে সমস্যার সমাধান করতে প্রয়াসের জন্য স্বেচ্ছাসম্মতভাবে সময় বর্ধিত করে।

কমপক্ষে, MSDE:

- প্রয়োজনীয় নির্ধারিত হলে একটি স্বাধীন ঘটনাস্থলের তদন্ত পরিচালনা করবে;
- অভিযোগকারী রাজ্য অভিযোগের মধ্যে অভিযোগ সম্পর্কে, হয় মৌখিকভাবে বা লিখিতভাবে, আরো তথ্য জমা করার সুযোগ প্রদান করবে;
- সমস্ত প্রাসঙ্গিক তথ্য পর্যালোচনা করে একটি সরকারী সংস্থা যুক্তরাষ্ট্রীয় ও রাজ্য আইন প্রয়োজনীয়তা লঙ্ঘন করেছে কিনা তা নিয়ে একটি স্বাধীন নির্ণয় তৈরী করবে; এবং
- অভিযোগকারী এবং সরকারী সংস্থাকে অভিযোগের প্রতিটি খতিয়ে দেখে পাওয়া বিষয়গুলি এবং চূড়ান্ত ফলের একটি লিখিত সিদ্ধান্ত জারি করবে।

সিদ্ধান্তের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে চূড়ান্ত সিদ্ধান্তের কারণ এবং চূড়ান্ত সিদ্ধান্তের কার্যকর প্রয়োগের জন্য পদ্ধতি, প্রয়োজনে, কারিগরী সহায়তা কার্যকলাপ, সমঝোতা, এবং পূরণের জন্য সংশোধনমূলক ব্যবস্থাও এর অন্তর্ভুক্ত হবে। যদি MSDE একটি সরকারী সংস্থা যথাযথ সেবা প্রদান করতে ব্যর্থ হয়েছে নির্ধারণ করে, চূড়ান্ত লিখিত সিদ্ধান্ত

জানাৰে কেমন কৰে একটা সরকারী সংস্থা শিশুটিৰ প্ৰয়োজনীয় উপযুক্ত পৰিষেবা দানে ব্যৰ্থতা, এবং ভবিষ্যতে সকল প্ৰতিবন্ধি শিশুদেৰ জন্য উপযুক্ত পৰিষেবাগুলি নিতে ব্যৰ্থতা শুধৰাতে পাৰবে।

ৰাজ্য অভিযোগেৰ সমাধা:

মতানৈক্য সমাধানে মধ্যস্থতা এবং অন্যান্য কম প্ৰথাগত পদ্ধতি পাওয়া যেতে পাৰে এবং তাতে উত্সাহ দেওয়া হয়। যদি পক্ষগুলি অভিযোগ মীমাংসা কৰেন, তাহলে MSDE-ৰ যুক্তৰাষ্ট্ৰীয় পৰিধানের অধীনে একটা তদন্ত পৰিচালনা কৰাৰ দৰকাৰ হয় না।

কোনো ৰাজ্য অভিযোগেৰ সমাধা যা যথাযথ প্ৰক্ৰিয়ায় কৰা শুনাৰিৰ বিষয়:

যদি MSDE একটা ৰাজ্য অভিযোগ পায় যা একটা যথাযথ প্ৰক্ৰিয়ায় শুনাৰিৰও একটা অংশ, বা যদি একটা ৰাজ্য অভিযোগে বিভিন্ন বিষয় নিয়ে গঠিত হয় যা শুনাৰিৰ এক বা একাধিক অংশ, MSDE অবশ্যই ৰাজ্য অভিযোগেৰ যে কোন অংশকে আলাদা কৰে রেখে দেবে যা যথাযথ প্ৰক্ৰিয়ায় শুনাৰিৰ অংশ হৰে যতক্ষণ না যথাযথ প্ৰক্ৰিয়ায় শুনাৰি চূড়ান্ত সিদ্ধান্তে এসে না পৌঁছাচ্ছে। যদিও, ৰাজ্য অভিযোগেৰ কোন বিষয় যা যথাযথ প্ৰক্ৰিয়ায় অংশ নয় আবশ্যিকভাবে সময়সীমা এবং উপরে বৰ্ণিত পদ্ধতিতে নিষ্পত্তি হৰে। যদি একটা ৰাজ্য অভিযোগে কোন বিষয় উদ্ধৃত হয় যা পূৰ্বে যথাযথ প্ৰক্ৰিয়ায় শুনাৰিতে সিদ্ধান্ত হযেছে, একই পক্ষ নিয়োজিত হযেছে, শুনাৰিৰ সিদ্ধান্ত অনুসৃত হৰে, এবং MSDE অভিযোগকাৰীকে প্ৰয়োগ সম্পৰ্কে অভিহিত কৰবে।

যথাযথ প্ৰক্ৰিয়ায় কৰা অভিযোগ:

পিতামাতা অথবা একটা সরকারী সংস্থা শিশুৰ শনাক্তকৰণ, মূল্যায়ণ, প্ৰাৰম্ভিক হস্তক্ষেপ সেবা বা শিক্ষাগত প্লেসমেন্ট, বা একটা বিনামূল্য যথাযথ জনশিক্ষা (FAPE) সংক্ৰান্ত কোন বিষয়ে একটা যথাযথ প্ৰক্ৰিয়ায় অভিযোগ দায়েৰ কৰতে পাৰে।

যথাযথ প্ৰক্ৰিয়ায় অভিযোগ অবশ্যই একটা উল্খন সংক্ৰান্ত হৰে যা পিতামাতা বা সরকারী সংস্থাৰ অভিযোগেৰ ঘটনা সম্পৰ্কে জানাৰ বা জানা উচিত এমন সময়ের থেকে দুই বছৰেৰ চেয়ে বেশী আগেৰ হৰে না যাৰ ভিত্তিতে যথাযথ প্ৰক্ৰিয়ায় অভিযোগ দায়েৰ কৰা হযেছে।

এই সময়সীমা প্ৰযোজ্য হৰে না যদি পিতামাতা সময়সীমাৰ মধ্যে একটা যথাযথ প্ৰক্ৰিয়ায় অভিযোগ কৰতে না পাৰেন কাৰণ সরকারী সংস্থা নিৰ্দিষ্টভাবে ভুল বুঝিয়েছে যে শনাক্তকৃত বিষয়টি যথাযথ প্ৰক্ৰিয়ায় অভিযোগ নিষ্পত্তি হযেছিল, অথবা সরকারী সংস্থাটি পিতামাতাৰ থেকে এই তথ্যটি চেপে গিয়েছিল যেটি IDEA-ৰ অধীনে তাঁদেৰকে দিয়ে দেবাৰ প্ৰয়োজন ছিল।

একটা যথাযথ প্ৰক্ৰিয়ায় অভিযোগ দায়েৰ কৰতে, পিতামাতা বা সরকারী সংস্থা (অথবা পিতামাতাৰ আইনজীবি বা সরকারী সংস্থাৰ আইনজীবি) অবশ্যই অন্য পক্ষ এবং OAH এৰ নিকট একটা যথাযথ প্ৰক্ৰিয়ায় অভিযোগ পেশ কৰবে। অভিযোগটিতে অবশ্যই নীচে তালিকাভুক্ত সকল বিষয়গুলি থাকবে এবং অবশ্যই গোপনীয় রাখা হৰে।

পিতামাতাকে একটা যথাযথ প্ৰক্ৰিয়ায় অভিযোগ দায়েৰ কৰতে সহায়তা কৰতে, একটা মধ্যস্থতা অনুরোধ এবং যথাযথ প্ৰক্ৰিয়ায় অভিযোগ ফৰ্ম (ডিউ প্ৰসেস কমপ্লেণ্ট ফৰ্ম) সরকারী সংস্থায়, যেথান থেকে প্ৰাৰম্ভিক হস্তক্ষেপ সেবা প্ৰদান কৰা হযেছে, যে স্কুলে শিশুটি পাঠৰত, এবং MSDE-ৰ www.marylandpublicschools.org ওয়েবসাইটে পাওয়া যাৰে। আৰও সহায়তাৰ জন্য, সরকারী সংস্থাৰ প্ৰাৰম্ভিক হস্তক্ষেপ কাৰ্যালয়, বিশেষ শিক্ষা কাৰ্যালয়, অথবা

বিশেষ শিক্ষা এবং প্রারম্ভিক হস্তক্ষেপ সেবা (Special Education and Early Intervention Services) এর MSDE বিভাগে (410) 767-7770 নম্বরে যোগাযোগ করুন।

যথাযথ প্রক্রিয়ায় করা অভিযোগের বিষয়বস্তু:

যথাযথ প্রক্রিয়ায় অভিযোগের মধ্যে আবশ্যিকভাবে অন্তর্ভুক্ত থাকবে:

- শিশুর নাম;
- শিশুর বাসস্থানের ঠিকানা (অথবা, গৃহহীন শিশুর উপলব্ধ যোগাযোগের তথ্য);
- শিশুর পাঠরত বিদ্যালয়ের নাম;
- শিশুর শিক্ষার জন্য দায়িত্বে থাকা সরকারী সংস্থার নাম (অর্থাৎ, স্থানীয় স্কুল ব্যবস্থা);
- প্রস্তাবিত বা প্রত্যাখ্যাত উদ্যোগ বা পরিবর্তন সম্পর্কিত শিশুর সমস্যার একটি বিবরণ, সমস্যা সম্পর্কিত তথ্য সহ; এবং
- অভিযোগ দায়ের করার সময় পক্ষটির জ্ঞাত এবং উপলব্ধ সমস্যার প্রস্তাবিত সমাধান।

পিতামাতা বা সরকারী সংস্থা একটি যথাযথ প্রক্রিয়ায় শুনানি পাবে না যতক্ষণ না পিতামাতা বা সরকারী সংস্থা (অথবা পিতামাতার আইনজীবী বা সরকারী সংস্থার আইনজীবী) একটি যথাযথ প্রক্রিয়ায় অভিযোগ দায়ের করে যার মধ্যে এই তথ্য অন্তর্ভুক্ত থাকবে।

যথাযথ প্রক্রিয়ায় করা অভিযোগের উত্তর:

যখন একটি পক্ষ একটি যথাযথ প্রক্রিয়ায় অভিযোগ দায়ের করে, শিশুর প্রারম্ভিক হস্তক্ষেপ এবং শিক্ষার দায়িত্বে থাকা সরকারী সংস্থা:

- পিতামাতাকে উপলব্ধ বিনামূল্যে বা কম খরচে আইনী এবং অন্যান্য প্রাসঙ্গিক পরিশেবাগুলি সম্পর্কে অবগত করবে;
- পিতামাতাকে পদ্ধতিগত সুরক্ষা নথির একটি প্রতিলিপি প্রদান করবে; এবং
- পিতামাতাকে মধ্যস্থতার প্রাপ্যতা বিষয়ে অবগত করবে।

যদি সরকারী সংস্থা পিতামাতার দ্বারা দেয়ের করা যথাযথ প্রক্রিয়ায় অভিযোগ সম্পর্কে পূর্ব লিখিত নোটিস পিতামাতাকে প্রেরণ না করে, সরকারী সংস্থা পিতামাতাকে একটি উত্তর প্রেরণ করবে, যথাযথ প্রক্রিয়ায় অভিযোগ প্রাপ্তির 10 দিনের মধ্যে, যার মধ্যে থাকবে:

- একটি ব্যাখ্যা কেন সরকারী সংস্থা ব্যবস্থা(সমূহ) নিতে প্রস্তাব বা প্রত্যাখ্যান করেছে;
- অন্য কোন বিকল্পের একটি ব্যাখ্যা যা সরকারী সংস্থা বিবেচনা করেছে এবং কারণ কেন সেই বিকল্পগুলি প্রত্যাখ্যাত হয়েছে;
- একটি বিবৃতি যাতে জানানো হবে যে প্রতিবন্ধী শিশুর পিতামাতা পদ্ধতিগত সুরক্ষার এই অংশের অধীনে সুরক্ষা পাবেন এবং, এই নোটিসটি মূল্যায়নের জন্য প্রাথমিক সুপারিশ কিনা তা জানানো হবে, তাহলে যার দ্বারা পদ্ধতিগত সুরক্ষার একটি প্রতিলিপি পাওয়া যাবে; এবং
- পিতামাতারা যোগাযোগ করতে পারেন এমন কিছু উৎস যারা IDEA এর সংস্থানগুলি বুঝতে সহায়তা করবেন।

এই উত্তরের দ্বারা সরকারী সংস্থা পিতামাতার যথাযথ প্রক্রিয়ায় অভিযোগ অপরিষ্পত্ত থাকার দাবিকে প্রতিরোধ করে না, যেখানে উপযুক্ত হয়।

একটি যথাযথ প্রক্রিয়ায় অভিযোগের এক পক্ষ (পিতামাতা বা সরকারী সংস্থা) অবশ্যই অপর পক্ষকে যথাযথ প্রক্রিয়ায় অভিযোগ প্রাপ্তির 10 ক্যালেন্ডার দিনের মধ্যে উত্তর প্রদান করবে যেখানে নির্দিষ্টভাবে যথাযথ প্রক্রিয়ায় অভিযোগের বিষয়গুলি উল্লেখ থাকবে।

নোটিসের পর্যাগতা:

যথাযথ প্রক্রিয়া অভিযোগটি পর্যাগত বিবেচিত হবে যদি না অভিযোগ প্রাপ্ত পক্ষ OAH কে এবং অপর পক্ষকে এটি পাবার 15 দিনের মধ্যে জানায় যে প্রাপ্ত করা পক্ষ বিশ্বাস করে যে যথাযথ প্রক্রিয়ায় অভিযোগটি আবশ্যিক বিষয়বস্তুকে পূরণ করে না। অভাবজনিত নোটিশ প্রাপ্তির পাঁচ (5) দিনের মধ্যে, OAH যথাযথ প্রক্রিয়ার অভিযোগ বিষয়বস্তুর প্রয়োজনীয়তা পূরণ করেছে কিনা তা নির্ধারণ করবে এবং অবিলম্বে লিখিতভাবে পক্ষগুলিকে অবহিত করবে,

অন্য পক্ষের লিখিত অনুমতি এবং নীচে উল্লিখিত রূপে একটি সিদ্ধান্ত বৈঠকের মাধ্যমে সমস্যার সমাধান করার সুযোগ দেওয়া হলে শুধুমাত্র একটি পক্ষ তার যথাযথ প্রক্রিয়ার অভিযোগ সংশোধন করতে পারে; অথবা যদি OAH যথাযথ প্রক্রিয়া শুনানির শুরু হওয়ার পাঁচ (5) দিনের অনধিক পূর্বে অনুমতি মঞ্জুর করে। সিদ্ধান্ত বৈঠকের জন্য সময়সীমা এবং যথাযথ প্রক্রিয়ায় শুনানি আবার শুরু হবে সংশোধিত যথাযথ প্রক্রিয়ায় অভিযোগ দায়ের হবার পর।

প্রক্রিয়া চলাকালীন শিশুর স্থিতি:

কোনো প্রশাসনিক বা বিচার বিভাগীয় কার্যধারা নির্ণয়কার্য চলাকালীন সময়ে (শুধুলা ধারার অধীন রূপে প্রদত্ত ব্যতীত), যদি না পিতামাতা এবং সরকারী সংস্থা অন্যথায় সম্মত হয় শিশুটি অবশ্যই বর্তমান প্রারম্ভিক হস্তক্ষেপ বা শিক্ষাগত প্লেসমেন্টে থাকবে। যদি বিচারকার্যের মধ্যে সরকারী স্কুলে প্রাথমিক ভর্তির জন্য প্রাথমিক আবেদন জড়িত থাকে, শিশুটি অভিভাবকের সম্মতিতে অবশ্যই সকল বিচারকার্য সম্পন্ন না হওয়া পর্যন্ত আবশ্যিকভাবে সরকারী কর্মসূচিতে থাকবে। যদি ALJ-র সিদ্ধান্তটিতে পিতামাতার সাথে সম্মত হয় যে প্রারম্ভিক হস্তক্ষেপমূলক পরিষেবা বা শিক্ষাগত প্লেসমেন্টের পরিবর্তন যথাযথ, তাহলে পরবর্তী আপিল নির্ণয়কার্য চলাকালীন প্লেসমেন্টটি শিশুটির বর্তমান প্লেসমেন্ট হয়ে যাবে।

সমাধা প্রক্রিয়া:

পিতামাতার থেকে যথাযথ প্রক্রিয়ায় অভিযোগ প্রাপ্তির 15 ক্যালেন্ডার দিনের মধ্যে, এবং যথাযথ প্রক্রিয়ায় শুনানি শুরু হওয়ার পূর্বে, সরকারী সংস্থা পিতামাতা এবং ইন্ডিভিজুয়ালাইজড ফ্যামিলি সার্ভিস প্ল্যান (IFSP) দল বা ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) দলের সদস্য বা সদস্যদের সাথে অবশ্যই একটি বৈঠক রাখবে যাদের পিতামাতার দ্বারা যথাযথ প্রক্রিয়ায় অভিযোগে চিহ্নিত করার বিষয়ে নির্দিষ্ট জ্ঞান আছে। বৈঠকটিতে:

- অবশ্যই একটি সরকারী সংস্থার একজন প্রতিনিধি অন্তর্ভুক্ত থাকবে যাঁর সরকারী সংস্থার হয়ে সিদ্ধান্ত নেবার অধিকার রয়েছে; এবং
- সরকারী সংস্থার প্রতিনিধি হিসাবে কোন আইনজীবী অন্তর্ভুক্ত নাও থাকতে পারেন যদি না পিতামাতা কোন আইনজীবী নিয়ে আসেন।

পিতামাতা এবং সরকারী সংস্থা IFSP বা IEP দলের কোনো কোনো প্রাসঙ্গিক সদস্য বৈঠকে উপস্থিত থাকবেন তা নির্ধারণ করেন।

পিতামাতার জন্য বৈঠকের উদ্দেশ্য হল যথাযথ প্রক্রিয়ার অভিযোগ এবং ঘটনা যা অভিযোগ তৈরী করেছে তা আলোচনা করা, যাতে সরকারী সংস্থা সমস্যা সমাধানের সুযোগ পায়।

নিষ্পত্তি বৈঠকের প্রয়োজন নেই যদি:

- বৈঠক বাতিল করার জন্য পিতামাতা এবং সরকারী সংস্থা লিখিতভাবে সম্মত হয়;
- পিতামাতা এবং সরকারী সংস্থা মধ্যস্থতা করার প্রয়াসে সম্মত হয়; অথবা
- সরকারী সংস্থা যথাযথ প্রক্রিয়ায় অভিযোগের উদ্যোগ নিয়েছে।

যদি সরকারী সংস্থা যথাযথ প্রক্রিয়ায় অভিযোগ পাবার পর পিতামাতার সন্তুষ্টি মত 30 ক্যালেন্ডার দিনের মধ্যে নিষ্পত্তি না করে (নিষ্পত্তি সময়সীমা), যথাযথ প্রক্রিয়ায় শুনানি হতে পারে।

একটি চূড়ান্ত সিদ্ধান্তের জন্য 45 দিনের সময়সীমা শুরু হয় 30 দিনের নিষ্পত্তি সময়সীমা শেষ হবার পরে, যদি না নিম্নে বর্ণিত "30 দিনের সমাধা সময়সীমায় সমন্বয়সাধন" অথবা "ত্বরান্বিত সময়সীমা" পরিস্থিতির কোন একটি প্রযোজ্য হয়।

30 দিনের সমাধা সময়সীমায় সমন্বয়সাধন:

যখন পিতামাতা এবং সরকারী সংস্থা, সমাধান প্রক্রিয়া প্রসারিত করতে, সমাধান প্রক্রিয়া পরিত্যাগ, অথবা মধ্যস্থতা ব্যবহার করতে সম্মত হন, তখন ছাড়া, সমাধান বৈঠকে অংশগ্রহণে পিতামাতার ব্যর্থতায় বৈঠক অনুষ্ঠিত না হওয়া পর্যন্ত সমাধান প্রক্রিয়ার জন্য সময়সীমা এবং যথাযথ প্রক্রিয়ার শুনানি বিলম্বিত হবে।

যদি, যুক্তিসঙ্গত প্রচেষ্টা এবং এই ধরনের প্রচেষ্টার নথিকরণের পরেও সরকারী সংস্থা সমাধান বৈঠকে পিতামাতার অংশগ্রহণ করতে সক্ষম না হয়, সরকারী সংস্থা, 30 দিনের সমাধান সময়সীমার পরে, ALJ কে অনুরোধ করতে পারে যেন যথাযথ প্রক্রিয়ায় অভিযোগটি বাতিল করে দেয়া যায়। সরকারী সংস্থার প্রচেষ্টার নথিপত্রে, একটি পারস্পরিক সম্মত সময় এবং স্থানে বৈঠকের প্রয়াসের একটি রেকর্ড অন্তর্ভুক্ত করা আবশ্যিক, যেমন:

- টেলিফোন যে করা হয়েছে বা চেষ্টা করা হয়েছে এবং সেই ফোন করার ফলাফলের বিস্তারিত রেকর্ড;
- পিতামাতাকে প্রেরিত চিঠিপত্রের এবং কোন উত্তর প্রাপ্ত হয়ে থাকলে তার প্রতিলিপি; এবং
- পিতামাতার বাড়িতে বা কর্মস্থলে পরিদর্শনের বিশদ রেকর্ড এবং সেইসকল পরিদর্শনের ফলাফল।

যদি সরকারী সংস্থা পিতামাতার যথাযথ প্রক্রিয়ায় অভিযোগের নোটিস পাবার 15 ক্যালেন্ডার দিনের মধ্যে সমাধান বৈঠক না করে বা সমাধান বৈঠকে অংশগ্রহণ না করে, পিতামাতা শুনানির অনুরোধ করতে পারে এবং 45 ক্যালেন্ডার দিনের মধ্যে সিদ্ধান্ত জারি হবে।

যদি পিতামাতা এবং সরকারী সংস্থা লিখিতভাবে বৈঠক বাতিল করতে সম্মত হয়, তাহলে যথাযথ প্রক্রিয়ায় শুনানির জন্য 45 দিনের সময়সীমা ঠিক পরের দিন থেকে শুরু হবে।

মধ্যস্থতা বা সমাধান বৈঠক শুরু হবার পরে এবং 30 দিনের সমাধান সময়সীমার শেষ হবার পূর্বে, যদি পিতামাতা এবং সরকারী সংস্থা লিখিতভাবে সম্মত হয় যে কোন চুক্তি সম্ভব নয়, তাহলে যথাযথ প্রক্রিয়ায় শুনানির জন্য 45 দিনের সময়সীমা ঠিক পরের দিন থেকে শুরু হবে।

যদি পিতামাতা এবং সরকারী সংস্থা 30 দিনের সমাধান সময়সীমার শেষে মধ্যস্থতার প্রয়াসে সম্মত হয়, উভয় পক্ষ মধ্যস্থতা প্রক্রিয়া চালাতে লিখিতভাবে সম্মত হতে পারে যতক্ষণ না তাঁরা একটি চুক্তিতে পৌঁছায়। যদিও, পিতামাতা বা সরকারী সংস্থার কোন একজন মধ্যস্থতা প্রক্রিয়া থেকে নিজেদেরকে প্রত্যাহার করে, তাহলে যথাযথ প্রক্রিয়ায় শুনানির জন্য 45 দিনের সময়সীমা ঠিক পরের দিন থেকে শুরু হবে।

সমাধা নিষ্পত্তি চুক্তি:

যদি সমাধান বৈঠকে সমস্যার সমাধানে পৌঁছানো যায়, পিতামাতা এবং সরকারী সংস্থা অবশ্যই আইনগতভাবে বাধ্যতামূলক চুক্তিতে প্রবেশ করবে যা:

- পিতামাতা এবং সরকারী সংস্থার একটি প্রতিনিধির দ্বারা স্বাক্ষরিত হবে যার সরকারী সংস্থার পক্ষে চুক্তি করার অধিকার রয়েছে; এবং
- এটা কোন রাজ্য আদালতের (একটি রাজ্য আদালত যার এই ধরনের মামলা শোনার অধিকার রয়েছে) অথবা একটি যুক্তরাষ্ট্রীয় জেলা আদালতের উপযুক্ত এখতিয়ার অনুসারে বলবৎযোগ্য।

যদি পিতামাতা এবং সরকারী সংস্থা সমাধান বৈঠকের ফলস্বরূপ একটি চুক্তিতে প্রবেশ করে, যে কোন পক্ষ তিন (3) কর্মদিবসের মধ্যে সেটাকে বাতিল করতে পারে।

যথাযথ প্রক্রিয়ায় করা শুনানি:

একটি যথাযথ প্রক্রিয়ার অভিযোগ দায়ের করার সময় বিতর্কে জড়িত পিতামাতা বা সরকারী সংস্থার একটি নিরপেক্ষ যথাযথ প্রক্রিয়ার শুনানির সুযোগ থাকে।

প্রশাসনিক আইনী বিচারক (ALJ):

- হলেন প্রশাসনিক শুনানি কার্যালয়ের একজন কর্মী;
- শুনানিতে তাঁদের এমন কোনো ব্যক্তিগত বা পেশাদারী আগ্রহ থাকবে না যা তাঁদের শুনানির নৈর্ব্যক্তিকতার সাথে বিরোধাভাস সৃষ্টি করে;
- হবেন জ্ঞানী এবং IDEA এর সংস্থান, এবং IDEA সংক্রান্ত যুক্তরাষ্ট্রীয় ও রাজ্য প্রবিধান, এবং IDEA এর আইনি ব্যাখ্যা বুঝতে পারেন; এবং
- শুনানি সম্বন্ধিত করার, এবং যথাযথ, প্রমিত আইনি অনুশীলনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ বিচার করার এবং সিদ্ধান্ত লেখার জ্ঞান এবং সক্ষমতা রয়েছে।

যথাযথ প্রক্রিয়ায় করা অভিযোগের বিষয়বস্তু:

কোনো পক্ষ (পিতামাতা বা সরকারী সংস্থা) যে যথাযথ প্রক্রিয়ায় অভিযোগ দায়ের করেছে সে যথাযথ প্রক্রিয়ায় শুনানিতে সেই ইস্যু তুলতে পারে না যা যথাযথ প্রক্রিয়া অভিযোগে উল্লেখিত নেই, যদি না অন্য পক্ষ সম্মত হয়।

শুনানির অধিকার:

কোন যথাযথ প্রক্রিয়ার শুনানিতে (IDEA শাস্তিমূলক পদ্ধতির উপর শুনানির সহ) উভয় পক্ষের অধিকার রয়েছে:

- নিজেকে উপস্থাপন করার বা একটি অ্যাটর্নি দ্বারা মেরিলান্ডের চিহ্নিত বিধি অনুসারে রাজ্য সরকারের 9-1607.1 § ধারা অনুযায়ী যথাযথ প্রক্রিয়ার শুনানির সময়ে উপস্থাপিত হবার;
- প্রতিবন্ধি শিশুদের সমস্যার বিষয়ে বিশেষ জ্ঞান বা প্রশিক্ষণ থাকা একজন ব্যক্তি এবং আইনজীবীর সঙ্গে ও পরামর্শ পাওয়ার;
- প্রমাণ হাজির করা এবং মোকাবিলা, জেরা, এবং প্রয়োজনে সাক্ষী উপস্থিতি করার;
- শুনানির কমপক্ষে 5 টি কর্মদিবসের পূর্বে সেই পক্ষের কাছে প্রকাশ করা হয়নি এমন প্রমাণ শুনানিতে পেশ নিষিদ্ধ করার;
- একটি লিখিত, বা পিতামাতার পছন্দ অনুসারে, বৈদ্যুতিন ভাবে, শুনানির প্রতিটি শব্দের রেকর্ড পাবার; এবং
- একটি লিখিত, বা পিতামাতার পছন্দ অনুসারে, কোনো ঘটনার বৈদ্যুতিন ভাবে খুঁজে পাওয়া সত্য এবং সিদ্ধান্তগুলি পাবার।

অতিরিক্ত তথ্য প্রকাশ:

একটি যথাযথ প্রক্রিয়ার শুনানির অন্তত পাঁচটি (5) কর্মদিবসের পূর্বে, পিতামাতা এবং সরকারী সংস্থা অবশ্যই একে অপরকে সেই তারিখে সম্পন্ন সব মূল্যায়ন এবং সেই সকল মূল্যায়নের ভিত্তিতে সুপারিশগুলি প্রকাশ করবেন যেগুলিকে পিতামাতা বা সরকারী সংস্থা শুনানিতে ব্যবহার করতে মনস্থ করেছেন।

একজন ALJ অন্য পক্ষের মতামত ছাড়াই শুনানিতে প্রাসঙ্গিক মূল্যায়ন বা সুপারিশ প্রবর্তন আটকাতে পারেন যা এই প্রয়োজনীয়তা মেনে চলে না।

পিতামাতার অধিকার:

পিতামাতার অধিকার রয়েছে:

- সন্তানকে উপস্থিত করার;

- জনসাধারণের নিকট শুনানিটি উন্মুক্ত করার; এবং
- শুনানির রেকর্ড, অনুসন্ধানে পাওয়া প্রকৃত সত্য এবং আপনাকে প্রদত্ত সিদ্ধান্ত কোন খরচ ছাড়া পাওয়ার।

শুনানির সিদ্ধান্ত:

কোনো শিশু বিনামূল্যে যথাযথ জনশিক্ষা (FAPE) পেয়েছে কিনা সে বিষয়ে ALJ-র সিদ্ধান্ত বাস্তব ভিত্তিতে নেওয়া আবশ্যিক। একটি পদ্ধতিগত লঙ্ঘন সংক্রান্ত অভিযোগের বিষয়ে, একজন ALJ এমন কোনো সিদ্ধান্ত যে শিশুটি FAPE প্রাপ্ত করেনি তখন উপনীত হতে পারেন কেবলমাত্র যদি নিম্নলিখিত বিষয়ে পদ্ধতিগত অপরাধের প্রমাণ দেয়া যায়:

- FAPE অর্জনে শিশুর অধিকারে হস্তক্ষেপ হয়েছে;
- উল্লেখযোগ্যভাবে সন্তানের একটি FAPE বিধান সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় পিতামাতার অংশগ্রহণের সুযোগে হস্তক্ষেপ হয়েছে; অথবা
- একটি শিক্ষাগত সুবিধা অর্জনে বঞ্চিত করা হয়েছে।

উপরে বর্ণিত সংস্থানগুলির কোনোটিকেই এমন ভাবে ব্যাখ্যা করা যাবে না যার এমন অর্থ হয় যে কোনো ALJ কোনো সরকারী সংস্থাকে জাতীয় প্রবিধানের IDEA-র পার্ট B (34 CFR 300,536 মাধ্যমে 300.500) এর অধীনে পদ্ধতিগত সুরক্ষার প্রয়োজনীয়তা মেনে চলার নির্দেশ দিতে আটকাতে পারবে।

পৃথক যথাযথ প্রক্রিয়ায় করা অভিযোগ:

IDEA এর পদ্ধতিগত সুরক্ষা বিভাগের কোন কিছুই ইতিমধ্যে দায়ের করা যথাযথ প্রক্রিয়া অভিযোগ থেকে পৃথক একটি বিষয়ে একটি পৃথক কারণে যথাযথ প্রক্রিয়া অভিযোগ জমা করা থেকে একজন পিতামাতাকে বাধা দেয় না।

একটি শুনানির সময়সীমা এবং উপযোগীতা:

সমাধা বৈঠকের জন্য 30 ক্যালেন্ডার দিনের শেষে 45 ক্যালেন্ডার দিনের পরে নয় অথবা, “30 দিনের সমাধা সময়সীমায় সমন্বয়সাধন” অথবা “স্থগিত সময়সীমা” এর অধীনে বর্ণিত সমন্বিত সময়সীমার পরে 45 ক্যালেন্ডার দিনের পরে নয়:

- শুনানিতে একটি চূড়ান্ত সিদ্ধান্তে পৌঁছেছে; এবং
- উভয় পক্ষকে সিদ্ধান্তের একটি প্রতিলিপি মেল করা হয়েছে।

একজন ALJ যে কোন পক্ষের অনুরোধে 45 দিনের সময়ের পরেও নির্দিষ্ট সময় বৃদ্ধি করতে পারেন। প্রতিটি শুনানি অবশ্যই পিতামাতা এবং শিশুটির যুক্তিসঙ্গত সুবিধাজনক সময় ও স্থানে হতে হবে।

ত্বরান্বিত সময়সীমা:

একটি সরকারী সংস্থা নিম্নলিখিত বিষয়গুলি সম্পর্কে স্থগিত যথাযথ প্রক্রিয়ার শুনানির ব্যবস্থা করার জন্য দায়ী থাকবে যখন একটি প্রতিবন্ধি শিশুর হয়ে একটি যথাযথ প্রক্রিয়ায় অভিযোগ দায়ের হয়:

- একটি প্রতিবন্ধি শিশু যে বর্তমানে স্কুলে নথিভুক্ত নয় এবং পাঠরত নয়;
- একটি প্রতিবন্ধি শিশুকে একটি অন্তর্বর্তী বিকল্প শিক্ষা ব্যবস্থায় ভর্তি করা; অথবা
- একটি প্রকাশিত নির্ণয়।

যথাযথ প্রক্রিয়ায় শুনানি অবশ্যই অভিযোগ দায়ের করার 20 স্কুল দিনের মধ্যে করতে হবে। শুনানির পরে ALJ অবশ্যই 10 স্কুল দিনের মধ্যে নির্ণয় করবেন। একটি সমাধান বৈঠক অবশ্যই একটি যথাযথ প্রক্রিয়ায় অভিযোগের নোটিস পাবার সাত (7) দিনের মধ্যে সজ্জা হতে হবে এবং যথাযথ প্রক্রিয়ায় শুনানি চলতে পারে যদি না বিষয়টি যথাযথ প্রক্রিয়ায় অভিযোগ প্রাপ্তির 15 ক্যালেন্ডার দিনের মধ্যে উভয় পক্ষের সন্তুষ্টির মতো করে সমাধান হয়।

শুনানি সিদ্ধান্তের চূড়ান্তকরণ:

কোনো ALJ এর সিদ্ধান্ত চূড়ান্ত হবে যদি না সরকারী সংস্থা বা পিতামাতার কোন এক পক্ষ আপিল করে। কোন পক্ষ যদি অনুসন্ধানের ফলাফল এবং সিদ্ধান্তে ক্ষুব্ধ হন তাহলে তার যথাযথ প্রক্রিয়ার শুনানিতে উল্লেখিত বিষয়ে দেওয়ানি মামলা করার অধিকার রয়েছে।

আবেদন:

শুনানিতে কোন পক্ষ যদি অনুসন্ধানের ফলাফল এবং সিদ্ধান্তের সাথে সন্তুষ্ট না হয়, তার অধিকার রয়েছে উপযুক্ত এখতিয়ার থাকা যে কোন রাজ্য আদালত বা মার্কিন যুক্তরাষ্ট্রের একটি জেলা আদালতে দেওয়ানি মামলা করার এবং বিতর্কের গভীরতা যেমনই হোক না কেন তা ALJ এর সিদ্ধান্তে জানানোর 120 দিনের মধ্যে করতে হবে।

যে কোন দেওয়ানি পদক্ষেপে, আদালত:

- প্রশাসনিক বিচারকার্যের রেকর্ড প্রাপ্ত করবে;
- পিতামাতার বা সরকারী সংস্থার অনুরোধে অতিরিক্ত প্রমাণ শুনবে;
- তার সিদ্ধান্ত জানাবে পেশ করা প্রমাণের ভিত্তিতে: এবং
- ত্রাণ মঞ্জুর করবে যা কোন উপযুক্ত বলে নির্ণয় করবে।

IDEA –র পার্ট B এর কোন কিছুই মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধানের, প্রতিবন্ধি আমেরিকান আইন 1990, 1973 সালের পুনর্বাসন আইনের শিরোনাম V (বিভাগ 504), প্রতিবন্ধি শিশুদের অধিকার রক্ষায় অন্য যুক্তরাষ্ট্রীয় আইনের অধীনে উপলব্ধ অধিকার, পদ্ধতি, এবং প্রতিবিধানকে পরিমিত বা সীমায়িত করে না। এটি ছাড়া, এই সকল আইনের অধীনে দেওয়ানি মামলা দায়ের করার পূর্বে পিতামাতা বা একটি সরকারী সংস্থাকে OAH এর সাথে যথাযথ প্রক্রিয়ায় শুনানির পদ্ধতি নিয়ে অবশ্যই সমস্ত বিষয় আলোচনা করতে হবে। এর অর্থ হল পিতামাতার নিকট অন্য আইনের অধীনে প্রতিবিধান উপলব্ধ থাকতে পারে যা হয়তো IDEA–র অধীনে উপলব্ধ প্রতিবিধানের সাথে মিলেমিশে রয়েছে, কিন্তু সাধারণ ভাবে অন্য সেই সকল আইনে থাকা ত্রাণ পেতে, পিতামাতাকে অবশ্যই সরাসরি আদালতে যাবার আগে প্রথমে IDEA–র অধীনে উপলব্ধ প্রশাসনিক প্রতিবিধান ব্যবহার করতে হবে (অর্থাৎ, যথাযথ প্রক্রিয়ায় অভিযোগ, সমাধান বৈঠক, এবং নিরপেক্ষ যথাযথ প্রক্রিয়া শুনানি পদ্ধতি)।

উকিলদের ফি

IDEA–র অধীনে আনা কোন পদক্ষেপ বা বিচারকার্যে, আদালত যুক্তিসঙ্গত আইনজীবী ফি ধার্য করতে পারে:

- পিতামাতা বা প্রতিবন্ধি শিশুর অভিভাবককে, যে হল বিরাজমান পক্ষ;
- একটি বিরাজমান পক্ষকে যে MSDE অথবা পিতামাতার উকিলের বিপক্ষে থাকা অন্য কোন সরকারী সংস্থাকে যে, অসার, অযৌক্তিক, বা ভিত্তিহীন অভিযোগ দায়ের করেছে, বা তার পরবর্তী কার্যকলাপের কারণ হয়েছে অথবা পিতামাতার উকিলের বিরুদ্ধে যে মোকদ্দমা পরিষ্কারভাবে অসার, অযৌক্তিক, বা ভিত্তিহীন বলে বোঝা যাবার পরেও অভিযোগ দায়ের করেছে; অথবা
- একটি বিরাজমান পক্ষকে যে MSDE অথবা পিতামাতার উকিলের বিপক্ষে, বা পিতামাতার বিপক্ষে থাকা অন্য কোনো সরকারী সংস্থাকে, যদি পিতামাতার অভিযোগ বা তার পরবর্তী কার্যকলাপ যদি কোনো অনুচিত উদ্দেশ্যে হয়, যেমন, হয়রানি অথবা বিলম্বের কারণে, অথবা অপ্রয়োজনীয়ভাবে মামলার খরচ বৃদ্ধির উদ্দেশ্যে হয়।

ধার্য ফি অবশ্যই সম্প্রদায়ের বর্তমান হার অনুসারে হবে, যা পদক্ষেপটি প্রদত্ত সেবার গুণমান ও ধরণের জন্য নেওয়া হয়েছে। ধার্য ফিয়ার হিসাবের জন্য কোন বোনাস বা গুণনীয়ক ব্যবহৃত না হতে পারে।

নিম্নলিখিত পরিস্থিতিতে ফি ধার্য নাও করা যেতে পারে:

- কোনো IFSP বা IEP দলের বৈঠকের জন্য যদি না এটি একটি যথাযথ প্রক্রিয়ার শুনানিতে বা বিচার বিভাগীয় ব্যবস্থার ফল হিসাবে ঠিক হয়;
- একটি যথাযথ প্রক্রিয়ায় অভিযোগ দায়ের করার পূর্বে মধ্যস্থতা পরিচালনার জন্য;
- সমাধান বৈঠকের জন্য; এবং
- পরিশেষাগুলির জন্য পিতামাতার নিকট প্রদত্ত একটি লিখিত নিষ্পত্তির প্রস্তাব দেবার পরে যদি:

- প্রস্তাবটি বিধি 68, দেওয়ানি কার্যপ্রণালীর যুক্তরাষ্ট্রীয় বিধি, অথবা একটি প্রশাসনিক কার্য, কার্যপ্রণালী শুরু করার দশ দিনের বেশি আগের সময়সীমার মধ্যে তৈরি করা হয়;
- প্রস্তাবটি দশ দিনের মধ্যে গ্রহণ না করা হয়; এবং
- শুনানিতে আদালত নির্ণয় করে যে শুনানিতে পিতামাতার দ্বারা নেওয়া ত্রাণটি নিষ্পত্তির প্রস্তাবের তুলনায় পিতামাতার নিকট খুব অনুকূল নয়। ফি এবং খরচ ধার্য করা হতে পারে যদি পিতামাতার নিষ্পত্তি অফার প্রত্যাখ্যানটি যথেষ্ট যুক্তিযুক্ত হয়।

নিম্নলিখিত পরিস্থিতিতে ফি হ্রাস হতে পারে:

- পিতামাতা এবং পিতামাতার উকিল নিরর্থক ভাবে বিতর্ক মীমাংসা দীর্ঘায়িত করে;
- ফি-র পরিমাণ নিরর্থক যুক্তিসঙ্গতভাবে তুলনীয় দক্ষতা, খ্যাতি ও অভিজ্ঞতার উকিল দ্বারা অনুরূপ পরিষেবার জন্য কমিউনিটিতে প্রচলিত প্রতিঘন্টা হার ছাড়িয়ে গেছে;
- সময় এবং পরিষেবা কার্যধারার প্রকৃতি বিবেচনায় অত্যধিক ছিল; বা
- উকিল যথাযথ প্রক্রিয়ার শুনানির অনুরোধের বিজ্ঞপ্তি পেশের সময় যথাযথ তথ্য প্রদান করেন নি।

ফি হ্রাস হবে না যদি:

- সরকারী সংস্থা সমাধা দীর্ঘায়িত করে; বা
- পদ্ধতিগত সুরক্ষার প্রয়োজনীয়তা লক্ষিত হয়।

আইনজীবীর ফি পুনরুদ্ধার করায় পিতামাতার অধিকার IDEA তে নির্ধারিত কিছু শর্ত পূরণের উপর নির্ভর করে, পিতামাতার তাদের আইনজীবীর সঙ্গে এই বিষয় নিয়ে আলোচনা করা উচিত।

সংযোজনী: IDEA ডিসপুট রেজলিউশন প্রসেস কমপ্যারিশন চার্ট

	মধ্যস্থতা	যথাযথ প্রক্রিয়ায় অভিযোগ	সমাধান প্রক্রিয়া	রাজ্য অভিযোগ
কে প্রক্রিয়া শুরু করতে পারেন?	পিতামাতা বা সরকারী সংস্থা, কিন্তু উভয়কেই স্বেচ্ছায় করতে হবে	পিতামাতা বা সরকারী সংস্থা	একটি যথাযথ প্রক্রিয়ায় অভিযোগ প্রাপ্তির উপর সরকারী সংস্থা সমাধান বৈঠক স্থির করে যদি না পক্ষগুলি বৈঠক বাতিল করতে বা মধ্যস্থতা ব্যবহারে সম্মত হয়	রাজ্যের বাইরে থাকা ব্যক্তি সহ যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান
পেশের জন্য সময় সীমা কত?	নির্দিষ্ট নয়	সীমিত ব্যতিক্রম সহ সমস্যাটি পক্ষটির ওয়াশিংটন বাজনা উচিত এমন সময়ের 2 বছরের মধ্যে	একজন পিতামাতার যথাযথ প্রক্রিয়ার অভিযোগ দ্বারা সূত্রপাত	লক্ষ্যনের অভিযোগ থেকে 1 বছরের মধ্যে
কোন সমস্যাগুলো সমাধান হতে পারে?	একটি যথাযথ প্রক্রিয়ার অভিযোগের পেশের পূর্বে উদ্ভূত বিষয় সহ পার্ট 300, অধীনে কোন বিষয় (ব্যতিক্রম আছে) ⁱⁱ	শনাক্তকরণ, মূল্যায়ন বা শিক্ষাগত ভর্তি করা বা একটি বিনামূল্যে উপযুক্ত জনশিক্ষা সম্পর্কিত কোন বিষয় (ব্যতিক্রম আছে)	পিতা বা মাতা এর যথাযথ প্রক্রিয়ার অভিযোগ উত্থাপিত সমস্যার অনুরূপ	IDEA -র পার্ট B অথবা পার্ট 300 এর লক্ষ্যনের অভিযোগ
সমস্যাগুলো সমাধানের জন্য সময়সীমা কি?	নির্দিষ্ট নয়	সমাধা সময়সীমা শেষ হওয়া থেকে 45 দিন যদি না একটি নির্দিষ্ট বর্ধিত সময়সীমা মঞ্জুর হয়ে থাকে ^{iii, iv}	সরকারী সংস্থাকে পিতামাতার যথাযথ প্রক্রিয়ার অভিযোগ প্রাপ্তির 15 দিনের মধ্যে একটি সমাধান বৈঠকের আহ্বান করতে হবে, যদি না পক্ষগুলি বৈঠক পরিত্যাগ লিখিতভাবে সম্মত হন বা মধ্যস্থতা ব্যবহার করতে সম্মত হন সমাধা সময়সীমা পিতামাতার যথাযথ প্রক্রিয়ার অভিযোগের প্রাপ্তি থেকে 30 দিন যদি না অন্যথায় পক্ষগুলি সম্মত হয় অথবা পিতামাতা বা সরকারী সংস্থা সমাধান বৈঠকে অংশগ্রহণে ব্যর্থ হয় অথবা সরকারী সংস্থা পিতামাতার যথাযথ প্রক্রিয়ায় অভিযোগ প্রাপ্তির 15 দিনের মধ্যে সমাধান বৈঠক আহ্বানে ব্যর্থ হয় ^{v, vi, vii}	অভিযোগ প্রাপ্তি থেকে 60 দিন যদি না বর্ধিত সময়সীমা মঞ্জুর হয়ে থাকে ^{viii}
কে সমস্যাগুলো সমাধান করে?	একজন মধ্যস্থতাকারী সহ পিতামাতা এবং সরকারী সংস্থা প্রক্রিয়াটি স্বেচ্ছাধীন এবং উভয় পক্ষকে অবশ্যই সমাধানে সম্মত হতে হবে	শুনানি আধিকারিক/ প্রশাসনিক আইন বিচারক (ALJ)	পিতামাতা এবং সরকারী সংস্থা উভয় পক্ষকে যে কোন সমাধানে অবশ্যই সম্মত হতে হবে	মেরিল্যান্ড রাজ্য শিক্ষা বিভাগ ^{ix}

ⁱ পিতামাতার উপর সময়সীমা প্রযোজ্য হয় না যদি পিতামাতাকে একটি যথাযথ প্রক্রিয়ায় অভিযোগ দায়ের করা থেকে প্রতিহত করে হয়েছিল এই কারণে: (1) সরকারী সংস্থা দ্বারা নির্দিষ্ট মিথ্যাচার করা হয় যে তাঁরা যথাযথ প্রক্রিয়ার অভিযোগের ভিত্তিতে গঠিত সমস্যার সমাধান করেছে; অথবা (2) IDEA-র পার্ট 300 এর অধীনে পিতামাতাকে যেসব তথ্য প্রদান করা প্রয়োজন ছিল, সরকারী সংস্থাটি পিতামাতার কাছে সে সব তথ্য অপ্রকাশিত রেখেছে (34 C.F.R. §300.511(f))।

- ii এই সকল ব্যতিক্রমগুলির মধ্যে অন্তর্ভুক্ত: সরকারী সংস্থা একটি যথাযথ প্রক্রিয়ায় অভিযোগ দায়ের করতে বা বিশেষ শিক্ষা সেবার প্রাথমিক সংস্থানে সম্মতি দিতে পিতামাতার প্রত্যাখান অগ্রাহ্য করতে মধ্যস্থতার ব্যবহার না করে থাকতে পারে (34 C.F.R. §300.300(b)(3)); সরকারী সংস্থা একটি যথাযথ প্রক্রিয়ায় অভিযোগ দায়ের করতে বা প্রাথমিক মূল্যায়ণে অথবা পিতামাতার বেসরকারী স্কুলে ভর্তি করা শিশুর বা হোম স্কুলে শিশুর পুনর্মূল্যায়ণ করতে সম্মতি দিতে পিতামাতার প্রত্যাখান অগ্রাহ্য করতে মধ্যস্থতার ব্যবহার না করে থাকতে পারে; (34 C.F.R. §300.300(c)(4)(i)); সরকারী সংস্থাটি শিশুর উপযোগী ব্যবস্থা খুঁজে পাওয়ায় ব্যর্থ হওয়ার উপরে পিতামাতার দ্বারা ভর্তি করা বেসরকারী স্কুলে সন্তানকে রাখার জন্য একটি যথাযথ প্রক্রিয়ায় অভিযোগ দায়ের করায় পিতামাতার অধিকার সীমিত (34 C.F.R. §300.140); একটি অত্যন্ত যোগ্যতাসম্পন্ন শিক্ষক প্রদানে সরকারী সংস্থার ব্যর্থতা যথাযথ প্রক্রিয়ার একটি সমস্যা সাপেক্ষে নয়, কিন্তু রাজ্য শিক্ষা সংস্থার (SEA) নিকট একটি রাজ্য অভিযোগ দায়ের করা যেতে পারে (34 C.F.R. §300.156(e))।
- iii যদি শৃঙ্খলা পদ্ধতি অনুসারে একটি স্বরাষ্ট্রিত শুনানির জন্য যথাযথ প্রক্রিয়ার অভিযোগ দায়ের করা হয়, অথবা শিশুটি বর্তমানে নথিভুক্ত না হয় এবং স্কুলে পাঠরত না থাকে, তাহলে সমাধান সময়সীমা 15 ক্যালেন্ডার দিন (7 দিনের মধ্যে বৈঠক অনুষ্ঠিত হয়)। যদি বিষয়টির সমাধানে উভয় পক্ষ সন্তুষ্ট না হয়, তাহলে শুনানির অনুরোধ জানানোর 20 স্কুল দিনের মধ্যে শুনানি অনুষ্ঠিত হবে এবং একটি সিদ্ধান্ত অবশ্যই শুনানির পরে 10 স্কুল দিনের মধ্যে জারি করতে হবে। (34 C.F.R. §300.532(c) এবং COMAR 13A.05.01.15)।
- iv কোন এক পক্ষের অনুরোধে একজন শুনানি আধিকারিক/ALJ নির্দিষ্ট সময় বর্ধন মঞ্জুর করতে পারে। (34 C.F.R. §300.516(c))।
- v বিধিটি 30 দিনের সমাধান সময়সীমা সমন্বয়ের অনুমোদন দেয়। যথাযথ প্রক্রিয়ায় শুনানির জন্য 45 দিনের সময়সীমা শুরু হয় নিম্নলিখিত ঘটনাগুলির কোন একটির শুনানি শুরু হওয়ার পরে: (1) উভয় পক্ষকে সমাধান বৈঠক বাতিল করার জন্য লিখিতভাবে সম্মত হতে হবে; (2) মধ্যস্থতা বা সমাধান বৈঠকের কোন একটি শুরু হওয়ার পরে কিন্তু 30 দিন সময়সীমা শেষ হওয়ার পর, পক্ষগুলি লিখিতভাবে সম্মত হয় যে কোন চুক্তি সম্ভব নয়; (3) যদি উভয় পক্ষ 30 দিনের সমাধান সময়সীমার শেষে মধ্যস্থতা চালিয়ে যাবার জন্য লিখিতভাবে সম্মত হয়, কিন্তু পরে, পিতামাতা বা সরকারী সংস্থা মধ্যস্থতা প্রক্রিয়া থেকে প্রত্যাহার করে। (34 C.F.R. §300.510 (c))।
- vi পিতামাতার সমাধান বৈঠকে অংশগ্রহণে ব্যর্থতা সমাধান প্রক্রিয়ার জন্য সমাধান বৈঠকের সময়সীমা এবং যথাযথ প্রক্রিয়ায় শুনানিকে বিলম্বিত করে যতক্ষণ না বৈঠক অনুষ্ঠিত হচ্ছে। (34 C.F.R. §300.510(b)(3))।
- vii যদি সরকারী সংস্থা পিতামাতার যথাযথ প্রক্রিয়ায় অভিযোগ প্রাপ্তির 15 দিনের মধ্যে সমাধান বৈঠক আহ্বানে ব্যর্থ হয় বা সমাধান বৈঠকে অংশগ্রহণে ব্যর্থ হয়, তাহলে পিতামাতা যথাযথ প্রক্রিয়ায় শুনানি সময়সীমা শুরু করতে একজন ALJ-র মধ্যস্থতা চাইতে পারেন (34 C.F.R. §300.510(b)(5))।
- viii রাজ্য অভিযোগ নিষ্পত্তির সময়সীমা বর্ধিত হতে পারে যদি একটি বিশেষ অভিযোগের পরিপ্রেক্ষিতে ব্যতিক্রমি পরিস্থিতি দেখা দেয়, অথবা পিতামাতা (বা ব্যক্তি বা সংস্থা, যদি রাজ্য পদ্ধতির অধীনে ব্যক্তি বা সংস্থার নিকট মধ্যস্থতা বা অন্য কোন বিকল্প উপলব্ধ হয়) এবং সরকারী সংস্থা মধ্যস্থতায় নিযুক্ত হতে সময়সীমা বৃদ্ধি করতে বা অন্য কোন বিকল্পভাবে সমস্যার সমাধানে রাজি হয়, যদি রাজ্যে উপলব্ধ থাকে (34 C.F.R. §300.152(b)(1))।
- ix MSDE অভিযোগ পদ্ধতি সরকারী সংস্থাকে অভিযোগের উত্তর দিতে সুযোগ প্রদান করে, সরকারী সংস্থার বিবেচনায়, অভিযোগ নিষ্পত্তির একটি প্রস্তাব সহ; এবং অভিযোগ দায়ের করা পিতামাতা এবং স্বেচ্ছায় মধ্যস্থতায় নিয়োজিত সরকারী সংস্থার জন্য একটি সুযোগ দিতে। (34 C.F.R. §300.152(a)(3))। কিছু ক্ষেত্রে, অভিযোগকারী এবং সরকারী সংস্থা বিষয়টি সমাধা করতে MSDE-র প্রয়োজনীয়তা ছাড়াই সমস্যা সমাধানে সমর্থ হতে পারে।

Maryland State Department of Education
Division of Special Education/Early Intervention Services
200 West Baltimore Street
Baltimore, Maryland 21201
410-767-0249 (phone)
410-333-1571 (fax)
<http://www.marylandpublicschools.org>